আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

…………………

কিন্তু যারা অতঃপর তওবা করে নেবে এবং সৎকাজ করবে তারা ব্যতীত, নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালূ।

সূরা আল ইমরান- ৮৯

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৭ অক্টোবর ২০২৬ ॥ ১৫ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১১ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

জাইকার সঙ্গে উন্নয়ন সহযোগিতা অব্যাহত রাখতে চান প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) সঙ্গে বাংলাদেশের উন্নয়ন সহযোগিতা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ

২ এর পাতায় দেখুন

বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষ্যে বিএনপির নতুন কর্মসূচি ঘোষণা

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আগামী ৭ নভেম্বর ঢাকাসহ সারাদেশে র‌্যালি করবে বিএনপি। এছাড়া সারাদেশে দলীয়

২ এর পাতায় দেখুন

ভবিষ্যতে যেকোনো সংকটে জাতিকে পথ দেখাবে গণঅধিকার পরিষদ: নুর

কীর্তনখোলা ডেস্ক

অতীতের মতো ভবিষ্যতেও যে কোনো সংকটে গণঅধিকার পরিষদ জাতিকে পথ দেখাবে বলে মন্তব্য করেছেন দলটির সভাপতি

২ এর পাতায় দেখুন

সংসদে সমাধান হয়নি, তাই আবার রাজপথে: নাসীরুদ্দীন পাটওয়ারী

কীর্তনখোলা ডেস্ক

সংসদে জনগণের সমস্যার সমাধান না হওয়ায় আবারও রাজপথে নামতে হয়েছে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক

২ এর পাতায় দেখুন

ভয়াবহ সংকটে বরিশালের উপজেলা পর্যায়ের চিকিৎসা সেবা

কীর্তনখোলা রিপোর্ট

জরাজীর্ণ ভবন আর তীব্র জনবল সংকটে বরিশালে উপজেলাপর্যায়ের চিকিৎসা সেবা ব্যাহত হচ্ছে। প্রায় নয়টি স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকের ২১৫টি পদ থাকলেও শূন্য ৭৯টি। আর অধিকাংশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অপারেশন থিয়েটার ব্যবহার হচ্ছে স্টোর রুম হিসেবে। এদিকে প্রায় ১৮ লাখ মানুষের চিকিৎসা সেবার চাপ পড়ছে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে। যদিও সংকট মোকাবিলার আশ্বাস স্বাস্থ্য বিভাগের। সরেজমিনে গিয়ে দেখা দেগা গেছে, খসে পড়েছে ছাদের পলেস্তারা। তার নিচেই বেড়ে চিকিৎসা নিচ্ছে শিশুরা-এ অবস্থা বরিশালের নদীবেষ্টিত হিজলা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের। জেলার বাকি আটটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অবস্থাও একই বেহাল দশায়। জানা যায়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোর জীর্ণ ভবন, অবকাঠোমোগত সংকট ও চিকিৎসক ঘাটতিতে চাপ বাড়ছে শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের ওপর। রোগীরা জানান, সাধারণ চিকিৎসার বাইরে সব মেলে না স্বাস্থ্য কমপ্লেক্সে। তাই শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের আসতেই হয় আমাদের। রোগীর স্বজনরা আরও জানান, স্বাস্থ্য কমপ্লেক্সের খসে পড়েছে ছাদের পলেস্তারা। ভয়ে থাকতে হয় কখন যেন খুলে পড়ে পুরোটা। এখানকার এক নার্স বলেন, এভাবেই আমাদের কাজ করতে হচ্ছে এবং রোগীরাও সেবা নিচ্ছে। এদিকে, স্বাস্থ্য অধিদফতরের তথ্য

২ এর পাতায় দেখুন

বরিশালসহ পাঁচ শহরের পুকুরের তালিকা চাইলেন হাইকোর্ট

কীর্তনখোলা ডেস্ক

বরিশাল, ময়মনসিংহ, চট্টগ্রাম, বগুড়া ও সিলেট জেলা শহরে রেকর্ডভুক্ত পুকুরের তালিকা চেয়েছেন হাইকোর্ট। আগামী তিন মাসের মধ্যে সংশ্লিষ্ট পাঁচ জেলার জেলা প্রশাসকদের এ তালিকা দাখিলের নির্দেশ দেওয়া হয়েছে। সোমবার বিচারপতি শিকদার মাহমুদুর রাজী ও বিচারপতি ফাতেমা আনোয়ারের বেঞ্চ এই সংক্রান্ত এক রিটের শুনানি শেষে এ আদেশ দেন। একই সঙ্গে রেকর্ডভুক্ত পুকুর সংরক্ষণে প্রশাসনের নিষ্ক্রিয়তা কেন অবৈধ ঘোষণা করা হবে না এবং পুকুরগুলো কার্যকরভাবে সংরক্ষণের নির্দেশ কেন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন আদালত। এ ছাড়া জলাধার সংরক্ষণ আইনের ৬ ধারা অনুযায়ী পুকুরের বৈশিষ্ট্য পরিবর্তনের সঙ্গে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে পরিবেশ সংরক্ষণ আইনের ৮ ধারা অনুসারে আইনগত ব্যবস্থা নেওয়ার নির্দেশ কেন দেওয়া হবে না, রুলে তা-ও জানতে চাওয়া হয়েছে। আদেশে পাঁচ

২ এর পাতায় দেখুন

তীব্র সমালোচনার পর

‘ক্রসফায়ার’ নিয়ে আইজিপির বক্তব্যের যে ব্যাখ্যা দিলো পুলিশ সদর দপ্তর

কীর্তনখোলা ডেস্ক

আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমনে সরকার যদি অনুমতি দেয় এবং প্রয়োজন হয়, তবে পুলিশ ‘ক্রসফায়ার’ করতেও পিছপা হবে না বলে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) আলী হোসেন ফকির আজ যে মন্তব্য করেছেন তা উদ্বেগজনক উল্লেখ করে দিনভর সমালোচনা হয় সোশ্যাল মিডিয়ায়। টিআইবিসহ বিভিন্ন সংস্থা ও রাজনৈতিক দলের পক্ষ থেকে সমালোচনা করে বিবৃতিও দেয়া হয়েছে। তীব্র সমালোচনার মুখে অবশেষে বিষয়টি নিয়ে মুখ খুলেছে পুলিশ। পুলিশ সদর দপ্তর বলেছে, আইন প্রয়োগের কঠোরতা বোঝাতে গিয়ে ‘ক্রসফায়ার’ শব্দটি আক্ষরিক অর্থে উল্লেখ করেছেন আইজিপি। তিনি বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বা বিচারিক প্রক্রিয়ার বাইরে শাস্তি প্রদানের লক্ষ্যে শব্দটি উল্লেখ করেননি। সোমবার (২৬ অক্টোবর)

২ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশের ২০তম প্রতিষ্ঠাবার্ষিকী
আনন্দ শোভাযাত্রা
বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল।

২০ বছরে বরিশাল মেট্রোপলিটন পুলিশ থানা বাড়িয়ে ৮ করার পরিকল্পনা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীর নিরাপত্তা ও পুলিশি সেবা বাড়াতে থানার সংখ্যা চারটি থেকে আটটিতে উন্নীত করার পরিকল্পনা নিয়েছে বরিশাল মেট্রোপলিটন পুলিশ (বিএমপি)। সোমবার (২৬ অক্টোবর) বিএমপির ২০তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে এ পরিকল্পনার কথা জানান পুলিশ কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ। সকালে বেলুন ও শান্তির পায়রা উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। পরে আনন্দ র‌্যালি ও কেক কাটার মধ্য দিয়ে দিবসটি উদ্?যাপন করা হয়। অনুষ্ঠানে বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেন, জনসংখ্যা, নগরায়ণ ও যানবাহনের সংখ্যা বৃদ্ধির ফলে যানজট নিয়ন্ত্রণের পাশাপাশি অপরাধ দমনে নানা চ্যালেঞ্জ তৈরি হচ্ছে। এসব মোকাবিলা করে মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে সরকার কাজ করছে। এ ক্ষেত্রে পুলিশকে কার্যকর ভূমিকা পালনের পাশাপাশি নগরবাসীর সহযোগিতাও

২ এর পাতায় দেখুন

ঘূর্ণিঝড় অর্ণব: অতিপ্রবল হয়ে আঘাত হানতে পারে বুধবার

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় অর্ণব আরও শক্তিশালী হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। এরপর আগামী বুধবার (২৮ অক্টোবর) ভারতের অন্ধ্র উপকূল অতিক্রম করার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সোমবার দুপুর ১২টায় ঘূর্ণিঝড়টি পায়রা সমুদ্রবন্দর থেকে ৭৫৫ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছিল। সোমবার (২৬ অক্টোবর) আবহাওয়া অধিদপ্তরের বিশেষ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় অর্ণব পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায়

২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

সন্তানকে প্রথম হতে না মানুষ হতে শেখান

আমাদের সমাজে বেশির ভাগ বাবা-মা তার সন্তানকে কেবল সকল বিষয়ে প্রথম হওয়ার প্রতিযোগিতায় নামান। সেখানে সন্তান নয়, বাবা-মাও সে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। আর প্রতিযোগিতায় জিততে না পরলে সন্তানকে নন, শিক্ষক বা গুরুজনকে দায়ী করেন। অনেকাংশে শুধু দায়ী করেই ক্ষান্ত হন না, সেই গুরুজনকে দারুণভাবে অপমানিত করে ছাড়েন সেই সকল বাবা-মা। এই প্রতিযোগিতার দৌড়ে নেমে সেই সকল সন্তানও তার গুরুজনকে সম্মান করতে ভুলে যায়, নিজের দায় গুরুর ঘাড়ে চাপিয়ে দিয়ে সন্তানও হয়ে ওঠে বেয়ারা, বেয়াদব।

দেখা যায়, কোনো প্রতিযোগিতায় অংশ নিয়ে ছেলে-মেয়েরা সবসময় যে, একই রকম ভালো করবে এমনটা ভাবা যায় না। তেমনটি কোনো পরীক্ষায়ও। সারা বছর ভালো পড়াশোনা করলেও কোনো কোনো শিক্ষার্থী পরীক্ষায় সময় হয়তো ভালোভাবে উত্তর লিখে আসতে নাও পারতে পারে। আবার কেউ সারা বছর ভালোভাবে পড়াশোনা না করেও

২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

বরিশাল বিভাগীয় পর্যায়ে

নজরুল বর্ষ উপলক্ষ্যে আড়ম্বরপূর্ণ দুইদিন ব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি

কীর্তনখোলা রিপোর্ট

নজরুল বর্ষ উপলক্ষ্যে বরিশাল বিভাগীয় পর্যায়ে দুইদিন ব্যাপী আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্যে দিয়ে শেষ হলো সাংস্কৃতিক প্রতিযোগিতা। ২৫ ও ২৬ অক্টোবর রবি ও সোমবার বরিশাল জেলা শিল্পকলা একাডেমিতে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ২৫ অক্টোবর বিভাগীয় কমিশনার খলিল আহমেদ সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধন ঘোষনা করেন। বরিশাল বিভাগীয় কমিশনার কার্যালয় সূত্রে জানা যায়, এ প্রতিযোগিতায় নজরুলের সৃষ্টিকর্মের পাঁচটি বিভাগে প্রাথমিক বিদ্যালয়, কিন্ডারগার্টেন, মাদ্রাসা, মাধ্যমিক ও কারিগরি বিদ্যালয় এবং কলেজ শাখার মোট বারোটি গ্রুপে প্রতিযোগীরা অংশগ্রহণ করেন। প্রতিযোগিতার বিষয়সমূহের মধ্যে ছিলো নজরুল সংগীত, নজরুলের কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, নজরুল সাহিত্যের উপরে অভিনয়, নৃত্য, নজরুলের ইসলামিক সংগীত, নজরুলের হামদ-নাত, রচনা ও বক্তৃতা। দুইদিন ব্যপী প্রতিযোগিতার সমাপনী দিবসে ২৬ অক্টোবর বেলা ২ টায় বরিশাল জেলা শিল্পকলা একাডেমির অডিটোরিয়ামে সমাপনী ও পুরষ্কার বিতরনের মাধ্যমে

২ এর পাতায় দেখুন

উজিরপুর ভূমি অফিসের দু’কর্মচারী প্রত্যাহার, চালক অব্যাহতি

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে ভূমি অফিসে ঘুষ গ্রহণ ও বিভিন্ন অনিয়মের অভিযোগে দুই কর্মচারীকে প্রত্যাহার করে জেলা প্রশাসকের কার্যালয়ে সংযুক্ত করা হয়েছে। একই সঙ্গে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের চুক্তিভিত্তিক গাড়িচালক রাসেল মৃধাকে চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। গত ২৫ অক্টোবর বরিশাল জেলা প্রশাসকের কার্যালয় থেকে এ বিষয়ে আদেশ জারি করা হয়। আদেশ জারির বিষয়টি নিশ্চিত করেছেন উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলী সুজা এবং সহকারী কমিশনার (ভূমি) উম্মে সালমা খানুন। প্রত্যাহার হওয়া দুই কর্মচারী হলেন

২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** ঝালকাঠি সদর ও নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, **ভোলা জেলা:** ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** পিরোজপুর সদর, নাজিরপুর ও **বরিশাল জেলা:** গৌরনদী, উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রয়োজনীয় পদক্ষেপ নিন

অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ার পাশাপাাশি বাড়ছে প্রযুক্তিনির্ভরতাও। একই সঙ্গে বাড়ছে প্রযুক্তি ঘিরে নিরাপত্তার ঝুঁকিও। বিশেষ করে ওয়েবজগতে ছড়িয়ে থাকা বিভিন্ন প্রতিষ্ঠানের ও ব্যবহারকারীদের তথ্য সুরক্ষা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবরে জানা যায়, সম্প্রতি নিরাপত্তা ত্রুটির কারণে বিশ্বজুড়ে বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইট বন্ধ রাখতে হয়েছে। বাংলাদেশেও বেশ কিছু গুরুত্বপূর্ণ দপ্তরের ওয়েবসাইট বন্ধ দেখা গেছে। এর মধ্যে রয়েছে ভূমিসেবার ওয়েবসাইট, বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি কয়েকটি ব্যাংকসহ বেশ কিছু প্রতিষ্ঠানের ওয়েবসাইটও। বলা বাহুল্য, এই পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। জানা যায়, ইন্টারনেটের নেপথ্যে কাজ করা ‘হাইপারটেক্সট প্রিপ্রসেসর’ বা পিএইচপি ত্রুটির কারণে বিশ্বজুড়ে ওয়েবসাইট বন্ধের ঘটনা ঘটে। এই ত্রুটি ছিল প্রায় এক দশকের বেশি সময় ধরে। কিন্তু ধরা পড়েছে মাত্র সপ্তাহখানেক আগে। বিষয়টি কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সাহায্যে শনাক্ত করেন যুক্তরাষ্ট্রের দুটি সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠানের একদল গবেষক। প্রতিষ্ঠান দুটি হলো ক্যালিফ ও উইজ। এর পরই আসতে থাকে সতর্কবার্তা। যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংস্থা (এনএসএ) ২১ অক্টোবর পিএইচপি ব্যবহারকারী সব প্রতিষ্ঠানকে সতর্ক করে। সংস্থাটি বলেছে, কোনো প্রতিষ্ঠান যদি দ্রুত নিরাপত্তা ত্রুটি ঠিক করতে না পারে, তাহলে তাদের সিস্টেম বন্ধ করে দেওয়া উচিত। কারণ এই ত্রুটি কাজে লাগিয়ে সরাসরি কোনো তথ্যভাণ্ডার বা ডেটা বেইসে হামলার সুযোগ তৈরি হতে পারে। বিশ্বজুড়ে এই পরিস্থিতির মধ্যে ভারতের প্রধান ব্যাংক স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার (এসবিআই) গ্রাহকদের গোপন তথ্য নিয়ন্ত্রণে নেওয়ার কথা জানায় ‘সিরিউসিম’ নামের একটি হ্যাকার গোষ্ঠী। গত শুক্রবার গ্রাহকদের তথ্য ফাঁসের কথা স্বীকারও করে ভারতের রাষ্ট্রায়ত্ত এই ব্যাংকটি। এদিকে জরুরি সতর্কবার্তার পর বাংলাদেশ ব্যাংক গত বৃহস্পতিবার থেকে তাদের ওয়েবসাইট বন্ধ রেখেছিল। কেন্দ্রীয় ব্যাংকের এই পদক্ষেপের পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আরো কয়েকটি ব্যাংকও ওয়েবসাইট বন্ধ করে দেয়। ব্যাংকগুলো হলো অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, আইএফআইসি ব্যাংক, স্ট্যান্ডার্ড ইসলামী ব্যাংক, এসবিএসি ব্যাংক ও বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক। দেশে নানা সময় তথ্য সুরক্ষা ব্যবস্থা বিঘ্নিত হয়েছে। জানা গেছে, ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের মে পর্যন্ত বাংলাদেশে অন্তত ৬৮টি তথ্য ফাঁসের ঘটনা ঘটেছে। এর মধ্যে ৩৬টি সরকারি ও ৩২টি বেসরকারি প্রতিষ্ঠান। গত বছর জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) তথ্যভাণ্ডারের তথ্য ফাঁসের ঘটনা ঘটে। হতাশার দিক হলো, এসব ঘটনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা মনে করি, সাইবার সুরক্ষায় কোনো অবহেলার সুযোগ নেই। প্রযুক্তিগত সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেই হবে।

ভয়াবহ সংকটে বরিশালের

বলছে, ৯টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসকের পদ রয়েছে ২১৫টি এরমধ্যে ১৩৬টি পদে চিকিৎসক থাকলেও শূন্য রয়েছে ৭৯টি। আর অধিকাংশ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অপারেশন থিয়েটার ব্যবহার হচ্ছে স্টোর রুম হিসেবে। বরিশালের হিজলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মুনীবুর রহমান জুয়েল সময় সংবাদকে বলেন, প্রতিদিনই আমাদের এখানে আউটডোর এবং জরুরি বিভাগে ৫০০ এর অধিক আসে রোগী। কিন্তু সেই তুলনায় চিকিৎসক সংকট ভয়াবহ রকমের। ভবন মেরামত ও চিকিৎসক সংকটের সমাধান চেয়ে মন্ত্রণালয়ে চিঠি পাঠানোর কথা জানান বরিশালের সিভিল সার্জন ডা.সাইয়েদুর রহমান। আর স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের নির্বাহী প্রকৌশলী (বরিশাল) মাসুদুল আলম বলেন, শুরু হয়েছে দরপত্র আহ্বানের প্রক্রিয়া। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নানা সংকটের কারণে জেলার প্রায় ১৮ লাখ মানুষের চিকিৎসার ভরসা বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল।

উজিরপুর ভূমি অফিসের দু’কর্মচারী

শিকারপুর ইউনিয়ন ভূমি অফিসের অফিস সহায়ক সানজিদা আক্তার এবং সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের সার্টিফিকেট সহকারী সুরাইয়া আক্তার। এর আগে সানজিদা আক্তার ও সুরাইয়া আক্তারের বিরুদ্ধে ঘুষ লেনদেনের অভিযোগে বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হয়। এ ঘটনায় সংশ্লিষ্ট একটি ভিডিওও বিভিন্ন গণমাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ছাড়া ঘুষ গ্রহণের ভিডিও ধারণ করাকে কেন্দ্র করে এক ব্যবসায়ীকে মারধরের অভিযোগ ওঠে। এসব অভিযোগ ও সংবাদ প্রকাশের পর বিষয়টি প্রশাসনের নজরে আসে। এর পরিপ্রেক্ষিতে গত ২৫ অক্টোবর জারি করা আদেশে সানজিদা আক্তার ও সুরাইয়া আক্তারকে বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ে সংযুক্ত করা হয়। একই আদেশের মাধ্যমে গাড়িচালক রাসেল মৃধাকে চাকরি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

সন্তানকে প্রথম হতে না

ফাইনাল পরীক্ষায় উত্তরপত্রে ভালো লিখে আসতে পারে। তাতে হয়তো ফলাফলে যে প্রথম হওয়ার কথা সে দ্বিতীয় বা তৃতীয় হয়ে যেতে পারে। তেমনটি যে কোনো প্রতিযোগিতার বেলায়ও হতে পারে। সে জন্য কি আপনি সন্তানকে দায়ী করবেন? না, মোটেও না। আবার শিক্ষককে দায় দেবেন, যে, সে আপনার সন্তানকে অবমূল্যায়ন করেছে? তাতো মোটেও না।

কিন্তু আমরা আজকাল কী দেখি। বাবা-মা সন্তানকে সাথে নিয়ে সেই সকল শিক্ষক কিংবা প্রতিযোগিতার বিচারকদের বিরুদ্ধে বাক-বিকতণ্ডায় নেমে পড়েন। এতে কী হয়? আপনার সন্তানকে আপনার আচরণের দ্বারাই বখাটে ও বেয়াদব তৈরি হলো, যা তার ভবিষ্যত জীবনের জন্য অত্যন্ত ভয়াবহ আকার ধারন করবে তা হয়তো আপনি বুঝতেই পারলেন না। সাবধান হোন, তা না করে, সন্তানকে শেখান কীভাবে গুরুজনের ভক্তি করতে হয়। কীভাবে ভালো মানুষ হতে হয়।

পথিক মোস্তফা
শিক্ষক

২০ বছরে বরিশাল মেট্রোপলিটন পুলিশ

প্রয়োজন। বিএমপি কমিশনার আবু রায়হান মুহাম্মদ সালেহ বলেন, প্রতিষ্ঠার পর থেকে নগরীর আইনশৃঙ্খলা রক্ষা ও জননিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছে বিএমপি। বর্তমানে চারটি থানার মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। পরিকল্পনা অনুযায়ী আরও চারটি থানা যুক্ত করা গেলে মোট আটটি থানার মাধ্যমে পুলিশি সেবা দেওয়া সম্ভব হবে। অনুষ্ঠানে বরিশাল রেঞ্জের ডিআইজি জুলফিকার আলী হায়দার, জেলা প্রশাসক মো. মামুন খন্দকার, এসআরবি-৮-এর অধিনায়ক মোহাম্মদ জাকিউল করিম, উপপুলিশ কমিশনার মো. আব্দুল হান্নান ও সুশান্ত সরকার উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল প্রেস ক্লাবের সভাপতি অধ্যক্ষ আমিনুল ইসলাম খসরু, সহসভাপতি হুমায়ুন কবির, বীর মুক্তিযোদ্ধা নুরুল আলম ফরিদ, দৈনিক আজকের পরিবর্তন পত্রিকার প্রকাশত ও সম্পাদক কাজী মিরাজসহ বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকেরা। ২০০৬ সালের ২৬ অক্টোবর বরিশাল মেট্রোপলিটন পুলিশের যাত্রা শুরু হয়। দুই দশকের পথচলায় নগরীর আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধ নিয়ন্ত্রণ ও জননিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব পালন করছে সংস্থাটি। বর্তমানে বিএমপিতে প্রায় ১ হাজার ৮০০ সদস্য কর্মরত রয়েছেন।

ঘূর্ণিঝড় অর্ণব: অতিপ্রবল হয়ে

অবস্থান করছে। সোমবার দুপুর ১২টায় এর অবস্থান ছিল ১৫ দশমিক ৫ ডিগ্রি উত্তর অক্ষাংশ এবং ৮৮ দশমিক ৩ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে। এ সময় ঘূর্ণিঝড়টি চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৮৪০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৭৭৫ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৭৮৫ কিলোমিটার দক্ষিণে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৭৫৫ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছিল। আবহাওয়াবিদ হাফিজুর রহমানের পূর্বাভাস অনুযায়ী, ঘূর্ণিঝড়টি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে সোমবার মধ্যরাত নাগাদ পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে। পরে এটি আরও শক্তিশালী হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ে রূপ নিতে পারে। আগামী বুধবার ভারতের অন্ধ্র উপকূল অতিক্রম করার সম্ভাবনা রয়েছে। আবহাওয়া অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ঘূর্ণিঝড়টির কেন্দ্রের ৫৪ কিলোমিটারের মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ৬২ কিলোমিটার। দমকা অথবা ঝোড়ো হাওয়ার আকারে এ গতিবেগ ঘণ্টায় ৮৮ কিলোমিটার পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের কাছাকাছি এলাকায় সাগর খুবই উত্তাল রয়েছে। ঘূর্ণিঝড়ের প্রভাবে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ২ নম্বর দূরবর্তী হুঁশিয়ারি সংকেত দেখিয়ে যেতে বলেছে আবহাওয়া অধিদপ্তর। এ ছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

বরিশালসহ পাঁচ শহরের পুকুরের

জেলা শহরে অবৈধভাবে পুকুর ভরাট ও দখল বন্ধে ১৫ দিনের মধ্যে সাত সদস্যের একটি মনিটরিং কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। কমিটিতে জেলা প্রশাসক ও পুলিশ সুপারের প্রতিনিধি এবং পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধিদের অন্তর্ভুক্ত করতে বলা হয়েছে। এর আগে গত ২৯ আগস্ট দেশের বড় শহরগুলোর জলাশয় ও পুকুর ভরাট নিয়ে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশিত হয়। এসব প্রতিবেদন যুক্ত করে মানবাধিকার ও পরিবেশবাদী সংগঠন হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের (এইচআরপিবি) পক্ষে তিন আইনজীবী হাইকোর্টে রিট করেন। রিটের পক্ষে শুনানি করেন এইচআরপিবির প্রেসিডেন্ট ও জ্যেষ্ঠ আইনজীবী মনজিল মোরসেদ। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল নূর মোহাম্মদ আজমী।

সংসদে সমাধান হয়নি, তাই

পার্টির (এনসিপি) জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। তিনি অভিযোগ করে বলেন, গ্যাসের বিল দিয়েও গ্রাহকেরা গ্যাস পাচ্ছেন না, নিত্যপণ্যের দাম বাড়ছে এবং সরকারদলীয় ব্যক্তিরা চাঁদাবাজিতে জড়িত। সোমবার (২৬ অক্টোবর) বিকেলে রাজধানীর মুগদায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি, জ্বালানি তেল ও নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি এবং রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে দলীয়করণের প্রতিবাদে ৩০ অক্টোবরের বিক্ষোভ সমাবেশ সফল করার লক্ষ্যে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচিতে এসব কথা বলেন নাসীরুদ্দীন পাটওয়ারী। নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, সরকার গ্যাসের ফি নিচ্ছে কিন্তু গ্যাস দিচ্ছে না। জনগণ কষ্টে রয়েছে। শেখ হাসিনা যখন জনগণকে কষ্ট দিয়েছে তখন আমরা তাকে বিদায় করেছি। এখন বর্তমান সরকার যখন কষ্ট দিচ্ছে, তখন নাকি তাকে ধরা যাবে না ছোঁয়াও যাবে না। চাঁদাবাজির অভিযোগ তুলে এনসিপির এই নেতা বলেন, সরকারদলীয় ব্যক্তিরা অটোরিকশা ও দোকান থেকে চাঁদাবাজি করছেন। তার ভাষ্য, আগে ছাত্রলীগ চাঁদাবাজি করত, এখন ছাত্রদল করছে। চাঁদাবাজির এই কর্মকাণ্ড চক্রবৃদ্ধি হারে বাড়ছে বলেও অভিযোগ করেন তিনি। পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের বক্তব্যের সমালোচনা করে তাকে ‘নতুন বেনজীর’ আখ্যা দেন নাসীরুদ্দীন। তিনি বলেন, সরকার নির্দেশ দিলে আইজিপি ক্রসফায়ার চালানোর কথা বলেছেন। এ ধরনের পদক্ষেপ নেওয়া হলে পুলিশের ওপর আবারও নিষেধাজ্ঞা আসতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি। আইজিপির বক্তব্য প্রত্যাহারের দাবি জানিয়ে নাসীরুদ্দীন বলেন, তা না হলে পুলিশের মতো রাষ্ট্রীয় প্রতিষ্ঠানকে রক্ষা করা যাবে না। সাবেক প্রতিমন্ত্রী ইশরাকসহ বিভিন্ন জায়গায় সরকারদলীয় ব্যক্তিরা অস্ত্র হাতে নেমেছেন বলেও অভিযোগ করেন নাসীরুদ্দীন। তার মতে, এ পরিস্থিতিতে কে ডাকাত, কে চাঁদাবাজ আর কে মাদক কারবারি, তা নিয়ে জনগণের মধ্যে বিভ্রান্তি তৈরি হচ্ছে। ৩০ অক্টোবরের বিক্ষোভ সমাবেশের উদ্দেশ্য ব্যাখ্যা করে তিনি বলেন, জনগণের সমস্যাগুলো সংসদে তুলে ধরতে সরকার বলেছিল। কিন্তু সেখানে সমস্যার সমাধান না হওয়ায় তাদের আবার রাজপথে নামতে হয়েছে। গণমাধ্যমের নিরাপত্তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন এনসিপির এই নেতা। তিনি অভিযোগ করেন, আমার দেশ পত্রিকার সামনে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। সাংবাদিকদের নিরাপত্তা কোথায়, সেই প্রশ্ন তুলে তিনি চাঁদাবাজি বন্ধের আহ্বান জানান। একই সঙ্গে তিনি সতর্ক করে বলেন, জনগণ মুখ ফিরিয়ে নিতে বেশি সময় নেবে না।

ভবিষ্যতে যেকোনো সংকটে

ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর। সোমবার (২৬ অক্টোবর) সকালে রাজধানীর আল রাজি কমপ্লেক্সে অবস্থিত কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এক অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। গণঅধিকার পরিষদের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দলটির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন এবং কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। গণঅধিকার পরিষদের সভাপতি ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী নুরুল হক নুর বলেন, ‘জনগণের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের মধ্য দিয়েই গণঅধিকার পরিষদ আজকের পর্যায়ে এসেছে। অতীতের মতো ভবিষ্যতেও যে কোনো সংকটে গণঅধিকার পরিষদ জাতিকে পথ দেখাবে।’ তিনি বলেন, ‘গণঅধিকার পরিষদের রাজনৈতিক পথচলা শুরু হয়েছিল ২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলনের মধ্য দিয়ে। কোটা সংস্কারের দাবিতে গড়ে ওঠা আন্দোলন থেকে রাষ্ট্র সংস্কারের আকাঙ্ক্ষা এবং ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থান-প্রতিটি গুরুত্বপূর্ণ পর্যায়ে গণঅধিকার পরিষদ ও এর নেতাকর্মীরা অগ্রণী ভূমিকা পালন করেছেন।’ নুরুল হক নুর আরও বলেন, ‘স্বাধীনতাবিরোধী শক্তির আস্ফালন দেখার জন্য বিগত সময়ে লড়াই-সংগ্রাম করা হয়নি। একটি দল জুলাইয়ের চেতনার কথা বলে মুক্তিযোদ্ধার কবর খুঁড়তে বাধা দেয়। তারা দেশকে এমন অসভ্যতার দিকে নিয়ে যাচ্ছে। নিজেদের স্বাধীনতাবিরোধী তকমা আড়াল করতেই তারা এমন কর্মকাণ্ড করছে। গুপ্ত সংগঠনগুলো দেশের অগ্রগতি চায় না।’ জুলাই-পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে তিনি বলেন, ‘জুলাই-পরবর্তী রাজনীতিতে গণঅধিকার পরিষদকে সরিয়ে দেওয়ার চেষ্টা করা হয়েছে। তবে এসব চেষ্টা সফল হবে না।’ ২০২১ সালের ২৬ অক্টোবর আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে গণঅধিকার পরিষদ। ২০১৮ সালের কোটা সংস্কার আন্দোলনে নেতৃত্ব দেওয়া তরুণদের উদ্যোগে দলটি প্রতিষ্ঠিত হয়। ২০২১ সালে গণঅধিকার পরিষদ প্রতিষ্ঠার সময় ঘোষিত ২১ দফা কর্মসূচিতে রাষ্ট্র সংস্কারের সুস্পষ্ট রূপরেখা তুলে ধরা হয়েছিল। এর মধ্যে দ্বিকক্ষবিশিষ্ট সংসদ প্রতিষ্ঠা, রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ক্ষমতার ভারসাম্য নিশ্চিত করা এবং একজন ব্যক্তির দুইবারের বেশি প্রধানমন্ত্রী হওয়ার সুযোগ বন্ধ করার মতো গুরুত্বপূর্ণ প্রস্তাব ছিল। রাষ্ট্রের গণতান্ত্রিক কাঠামো শক্তিশালী করা এবং ক্ষমতার ভারসাম্য প্রতিষ্ঠার এসব দাবি গণঅধিকার পরিষদ শুরু থেকেই তুলে ধরে আসছে। গণঅধিকার পরিষদের উচ্চতর পরিষদ সদস্য ও মিডিয়া সেলের আহ্বায়ক কৃষিবিদ শহিদুল ইসলাম ফাহিমের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য দেন দলের সিনিয়র সহসভাপতি ফারুক হাসান, মুখপাত্র আবু হানিফ, মহানগর উত্তরের সভাপতি আব্দুর রহিম, মহানগর দক্ষিণের সাবেক সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক সোহেল রানা, বাংলাদেশ যুব অধিকার পরিষদের সভাপতি নাদিম হাসান, আইনজীবী অধিকার পরিষদের সভাপতি অ্যাডভোকেট সরকার নুরে এরশাদ সিদ্দিকী, পেশাজীবী অধিকার পরিষদের সভাপতি অ্যাডভোকেট খালিদ হাসান, বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের সাধারণ সম্পাদক সানাউল্লাহ হক প্রমুখ।

বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষ্যে

কার্যালয়ে পতাকা উত্তোলন এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করবেন দলের নেতারা। পাশাপাশি আলোচনা সভা, পোস্টার প্রকাশ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও চিত্র প্রদর্শনীর আয়োজনও করবে বিএনপি ও এর অঙ্গসংগঠনগুলো। সোমবার (২৬ অক্টোবর) রাজধানীর নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে বিএনপির যৌথসভা শেষে সাংবাদিকদের এসব কর্মসূচির কথা জানান দলটির ভারপ্রাপ্ত মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী। কর্মসূচি সম্পর্কে রুহুল কবির রিজভী বলেন, বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাদের মতামতের ভিত্তিতে কর্মসূচির খসড়া নির্ধারণ করা হয়েছে। ৭ নভেম্বর সকাল ৬টায় ঢাকাসহ সারাদেশের দলীয় কার্যালয়ে পতাকা উত্তোলন করা হবে। এরপর ঢাকায় কেন্দ্রীয়ভাবে বর্ণাঢ্য র?্যালি বের করা হবে। জেলা ও উপজেলা পর্যায়েও র?্যালি আয়োজনের নির্দেশনা দেওয়া হবে। এদিন বেলা ১১টায় জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন, পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ করবেন দলের নেতারা। এছাড়া বিভিন্ন অঙ্গসংগঠন পোস্টার প্রকাশ ও আলোচনা সভার আয়োজন করবে। ছাত্রদল চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও চিত্র প্রদর্শনীর আয়োজন করবে। আলোচনা সভার সম্ভাব্য তারিখ ৬ নভেম্বর নির্ধারণ করা হয়েছে। তিনি বলেন, ৭ নভেম্বর দেশের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন। এ দিনের চেতনা হচ্ছে স্বাধীনতা, সার্বভৌমত্ব ও গণতন্ত্র রক্ষার চেতনা। ১৯৭৫ সালের আগে দেশে রাজনৈতিক সংঘাত ও নানা অনিশ্চয়তার মধ্য দিয়ে জনগণের মধ্যে পরিবর্তনের আকাঙ্ক্ষা তৈরি হয়েছিল। এরই পরিপ্রেক্ষিতে ৭ নভেম্বরের বিপ্লব সংঘটিত হয়। ৭ নভেম্বরের পর দেশে বহুদলীয় গণতন্ত্র, মতপ্রকাশের স্বাধীনতা ও সংবাদপত্রের স্বাধীনতা ফিরে আসে। বিএনপির এই নেতা বলেন, ৭ নভেম্বরের পর শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান জাতীয় রাজনীতি ও রাষ্ট্রীয় ক্ষমতার কেন্দ্রে উঠে আসেন। ১৯৭১ সালে কালুরঘাট থেকে স্বাধীনতার ঘোষণা দেওয়ার প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, দেশের সংকটময় সময়ে জিয়াউর রহমান জাতিকে দিকনির্দেশনা দিয়েছিলেন। রিজভী আরও বলেন, ১৯৭৫ সালের ২৫ জানুয়ারি বাকশাল প্রতিষ্ঠার পর চারটি সংবাদপত্র রেখে অন্যগুলো বন্ধ করে দেওয়া হয়েছিল। এতে বহু সাংবাদিক বেকার হয়ে পড়েন। পরে সংবাদপত্র ও রাজনৈতিক দলগুলো আবার কার্যক্রম পরিচালনার সুযোগ পায়। জুলাই আন্দোলনের প্রসঙ্গ টেনে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব বলেন, ৭ নভেম্বরের বৈপ্লবিক চেতনা জুলাই আন্দোলনকে প্রভাবিত করেছে। ছাত্র, শ্রমিক ও সাধারণ মানুষ ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনে অংশ নেন। এর মধ্য দিয়ে ৫ আগস্ট ফ্যাসিবাদের পতন ঘটে এবং গণতন্ত্রের পথ আবারও উন্মুক্ত হয়।

জাইকার সঙ্গে উন্নয়ন সহযোগিতা

করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, দেশের অবকাঠামো উন্নয়ন, আর্থসামাজিক অগ্রগতি এবং উন্নয়ন আকাঙ্ক্ষা বাস্তবায়নে জাপানের সহযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। দুই দেশের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও গভীর করে বাংলাদেশের উন্নয়ন ও জনগণের জীবনমান উন্নয়নে জাপানের সঙ্গে সহযোগিতা অব্যাহত রাখার ওপর তিনি গুরুত্বারোপ করেন। সোমবার (২৬ অক্টোবর) জাপানে সফরকালে জাইকার প্রেসিডেন্ট ড. তানাকা আকিহিকোর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ গুরুত্বারোপ করেন। জাপানের স্থানীয় সময় সোমবার বিকেল ৫টা ১০ মিনিটে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় জাইকার সিনিয়র ভাইস প্রেসিডেন্ট হারা শোহেই এবং সংস্থাটির ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী জাইকার প্রেসিডেন্টের সঙ্গে ২০২৬ সালের জুলাই মাসে তার বাংলাদেশ সফরের সময় ঢাকায় অনুষ্ঠিত ফলপ্রসূ বৈঠকের কথা স্মরণ করেন। তিনি বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে জাপানের দীর্ঘদিনের সহযোগিতা এবং জাইকার গুরুত্বপূর্ণ অবদানের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন।এ সময় জাপানের সহায়তায় চলমান বৃহৎ উন্নয়ন প্রকল্পগুলো নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। পাশাপাশি, অনুমোদনের অপেক্ষায় থাকা অগ্রাধিকারমূলক প্রকল্পগুলোর অনুমোদন ও বাস্তবায়ন ত্বরান্বিত করার বিষয়েও আলোচনা হয়।বৈঠকে বাংলাদেশের বর্তমান উন্নয়ন অগ্রাধিকার বিবেচনায় জাপানের কাছ থেকে সহজ শর্তে ঋণসহায়তা অব্যাহত রাখা এবং কারিগরি সহযোগিতা সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করে বাংলাদেশ।সাক্ষাৎকালে বাংলাদেশের পক্ষ থেকে বাংলাদেশ-জাপান দক্ষতা উন্নয়ন অংশীদারত্ব , একটি প্রযুক্তি ও উদ্ভাবন নগরী প্রতিষ্ঠা এবং কৃষির আধুনিকায়ন, কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ ও লাইট ইঞ্জিনিয়ারিং খাতে সহযোগিতা সম্প্রসারণের প্রস্তাব তুলে ধরা হয়।এ ছাড়া বৈশ্বিক জ্বালানি খাতের বর্তমান পরিস্থিতি বিবেচনায় গত বছরের মতো দেশের জ্বালানি চাহিদা ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে বাজেট সহায়তা প্রদানের অনুরোধ জানানো হয়। জাইকার প্রেসিডেন্ট বাংলাদেশের সমৃদ্ধি অর্জনে একসঙ্গে কাজ করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন যে, এসব উদ্যোগ বাংলাদেশ ও জাপানের কৌশলগত অংশীদারত্বকে আরও সুদৃঢ় করার পাশাপাশি উভয় দেশের অভিন্ন সমৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সাক্ষাৎকালে বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী হলেন এম রশিদুজ্জামান মিল্লাত,প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, পররাষ্ট্র প্রতিমন্ত্রী-১ হুমায়ুন কবির, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ, প্রধানমন্ত্রীর এশিয়া-প্যাসিফিক অঞ্চলের বৈদেশিক কর্মসংস্থানবিষয়ক বিশেষ সহকারী ড. মো. শাকিরুল ইসলাম খান, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মো. শাহরিয়ার কাদের ছিদ্দীকী এবং প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ বাংলাদেশ সরকারের ঊর্ধ্বতন কর্মকর্তারা।প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সচিব শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান।

নজরুল বর্ষ উপলক্ষ্যে আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের

বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা শেষ হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিভাগীয় প্রতিযোগিতার সদস্য সচিব ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো:আহসান হাবীব, ডিআইজি জুলফিকার আলী হায়দার , বরিশাল জেলাপ্রশাসক মো: মামুন খন্দকার, জাসাস বরিশাল জেলা দক্ষিণের আহ্বায়ক সাব্বির নেওয়াজ সাগর, জাসাস মহানগরের আহ্বায়ক মীর আদনান তুহিন, কবি ও গবেষক পথিক মোস্তফা, বরিশাল সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আযাদ আলাউদ্দীন, বরিশাল কালচারাল অফিসার তানবীর রহমানসহ অন্যান্য সদস্য। বিচারকদের মধ্যে উপস্থিত ছিলেন কবি নয়ন আহমেদ, কবি আল হাফিজ, এইচ এম জুয়েল, ডাক্তার ইশরাত ইউনুস ইমা, রানী গোমেজ, অ্যাডভোকেট শামীমা রশিদ লিমা, মৌমিতা বিনতে মিজান, আবদুর রহমান সরদার, ফয়জুন্নাহার শেলী, অধ্যাপক সুলতানা বেগম, এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বাবু, তরিকুল ইসলাম উৎপল, মো: আরিফ, আজীজ শাহিন, অধ্যাপক আক্তারুজ্জামান, অশোক দাস, অ্যাডভোকেট মাহবুবুল ইসলাম জুয়েল, দেলোয়ারা ইনু, ফারজানা মিতা, আহমেদ আল-আমিন, নেজারুল ইসলাম বাবু প্রমুখ। উল্লেখ্য নজরুল বর্ষ উপলক্ষ্যে দেশব্যাপী সকল পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান ভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা গত ৩১ আগস্ট ২০২৬ তারিখ প্রধানমন্ত্রী তারেক রহমান উদ্বোধন করেন। ২ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ৩১ অক্টোবর পর্যন্ত এই প্রতিযোগিতা চলবে।

সারের ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগ, সংসদীয় কমিটির বৈঠকে তদন্তের দাবি

কীর্তনখোলা ডেস্ক

দেশের বিভিন্ন এলাকায় সারের ডিলার নিয়োগে দলীয় প্রভাব, আর্থিক লেনদেন ও অনিয়মের অভিযোগ উঠেছে। কৃষি মন্ত্রণালয়-সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে এসব অভিযোগ তুলে তদন্তের দাবি জানিয়েছেন সংসদ সদস্যরা (এমপি)। বিশেষ করে, লালমনিরহাট, বরগুনা, সাতক্ষীরা, ফরিদপুর, নওগাঁ ও যশোর জেলার ডিলার নিয়োগ-সংক্রান্ত অভিযোগগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে কমিটি। অভিযোগের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয় বলেছে, অভিযোগ যাচাই করে অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট ডিলারদের লাইসেন্স বাতিলের ব্যবস্থা নেওয়া হবে। সোমবার জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির বৈঠকে সারের আমদানি, মজুত ও বিতরণ পরিস্থিতি নিয়েও আলোচনা হয়। বৈঠকে সারের পর্যাপ্ত মজুত রয়েছে ও বিতরণে কোনো সমস্যা নেই বলে জানানো হয়। পাশাপাশি ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগগুলো যাচাই-বাছাইয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়। এসব তথ্য নিশ্চিত করেছেন বৈঠকে উপস্থিত একাধিক সদস্য। কমিটির সভাপতি শাহাদাত হোসেন সেলিমের সভাপতিত্বে বৈঠকে ছিলেন কমিটির সদস্য শহিদুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, রোকন উদ্দীন বাবুল, মুজিবুর রহমান চৌধুরী, সাবিরা সুলতানা ও গোলাম রছুল। সভাপতির আমন্ত্রণে উপস্থিত ছিলেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। বৈঠক শেষে কৃষিমন্ত্রী সাংবাদিকদের বলেন, সারা দেশে সাড়ে চার হাজারের বেশি সারের ডিলার নিয়োগ করা হয়েছে। ডিলারশিপের শর্ত অনুযায়ী, ৯০ দিনের মধ্যে কোনো ধরনের অনিয়মের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট ডিলারশিপ পরিবর্তন করা যাবে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৈঠকে সারের ডিলার নিয়োগের অনিয়মের অভিযোগ তোলেন কমিটির সদস্য বিএনপির এমপি মোস্তাফিজুর রহমান, সাবিরা সুলতানা ও জামায়াতের এমপি গোলাম রছুল। তাঁদের কেউ কেউ অভিযোগ করেন, টাকার বিনিময়ে আওয়ামী লীগের (কার্যক্রম নিষিদ্ধ) সমর্থকদের ডিলারশিপ দেওয়া হয়েছে। অন্যদিকে জামায়াতের এমপির অভিযোগ, দলীয় পরিচয়কে প্রাধান্য দেওয়া হয়েছে। ডিলার নিয়োগে স্থানীয় প্রশাসন তাঁদের মতামত না নিয়ে ক্ষমতাসীন দলের মতামতেই সব করেছে। বৈঠকে আলোচনার বিষয়ে মোস্তাফিজুর রহমান বলেন, কেউ কেউ সারের ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগ করেছেন। মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, তারা খতিয়ে দেখবে। গোলাম রছুল বলেন, সারের ডিলার নিয়োগে প্রকৃত ও অভিজ্ঞ ব্যবসায়ীদের অবজ্ঞা করে দলীয় পরিচয় এবং অর্থের বিনিময়ে অনেককে লাইসেন্স দেওয়া হয়েছে। কিছু ক্ষেত্রে মামলার আসামি, মাদক কারবারে জড়িত ব্যক্তি ও আওয়ামী লীগের লোকজনও ডিলারশিপ পেয়েছেন। তিনি বলেন, যাঁরা আট থেকে বারো বছর ধরে ব্যবসা করছেন ও সার বিক্রিসহ অন্যান্য ব্যবসায় অভিজ্ঞ, তাঁদের ডিলারশিপ দেওয়া হলে বিতরণব্যবস্থায় অনিয়ম কমবে। কিন্তু নিয়োগের ক্ষেত্রে ব্যবসায়িক অভিজ্ঞতা ও যোগ্যতার পরিবর্তে দলীয় পরিচয় এবং অর্থকে গুরুত্ব দেওয়া হয়েছে। এ বিষয়ে কৃষিমন্ত্রীর কাছে যোগ্য ব্যবসায়ীদের নাম বিবেচনার অনুরোধ জানিয়েও সাড়া পাননি বলে দাবি করেন গোলাম রছুল। তিনি জানান, ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগ তদন্ত করে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন তিনি। অভিযোগগুলো নিয়ে কমিটির সভাপতির কাছে লিখিত আবেদন করবেন। এ-সংক্রান্ত বিভিন্ন নথিপত্রও তাঁর কাছে রয়েছে। তদন্তে অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের লাইসেন্স বাতিল করতে হবে। বৈঠকে সার বিতরণে অনিয়ম ও সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে সার বিক্রির অভিযোগও তোলা হয় বলে জানা গেছে। নওগাঁসহ উত্তরাঞ্চলের বিভিন্ন এলাকায় কৃত্রিম সংকট তৈরি করে বেশি দামে সার বিক্রির অভিযোগ রয়েছে। এ ধরনের অনিয়ম ঠেকাতে যমুনা সেতুর পর চেকপোস্ট বসিয়ে সারের গাড়ি তদারকির প্রস্তাব দিয়েছেন কমিটির এক সদস্য। এদিকে ডিলার নিয়োগের অভিযোগগুলো যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছে কৃষি মন্ত্রণালয়। কমিটির বৈঠকে এসব অভিযোগের বিষয়ে আলোচনা হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট ডিলারদের লাইসেন্স বাতিলের ব্যবস্থা নেওয়া হবে বলে জানানো হয়েছে। বৈঠক শেষে কমিটির সভাপতি শাহাদাত হোসেন সেলিম বলেন, যেসব এলাকায় ডিলার নিয়োগে অনিয়মের অভিযোগ এসেছে, সেসব ক্ষেত্রে নিয়োগ স্থগিত রাখার জন্য আহ্বান জানানো হয়েছে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে তিন মাসের মধ্যে অভিযোগ যাচাই-বাছাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার কথা বলা হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্টদের বাদ দেওয়া হবে। শাহাদাত হোসেন সেলিম বলেন, মন্ত্রণালয় জানিয়েছে, ডিলার নিয়োগে তারা অনেকটা পোস্ট অফিসের কাজ করেছে। মূলত নিয়োগ দিয়েছেন ডিসিরা (জেলা প্রশাসক)। কমিটি বলছে, মন্ত্রণালয় যাচাই-বাছাই না করলে এ দায়িত্বে থাকার দরকার কি ছিল? সরাসরি ডিসিদের দিয়ে দিলেই হতো। সংসদ সচিবালয় থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে বলা হয়, সারের ডিলার নিয়োগে অনিয়ম ও অসংগতির অভিযোগ ওঠা এলাকাগুলোয় প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে কমিটি। যেসব ক্ষেত্রে এখনো ডিলারশিপের চুক্তি হয়নি, সেসব ক্ষেত্রে অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চুক্তি সম্পাদন স্থগিত রাখতে বলা হয়েছে। আর যেসব ক্ষেত্রে ইতিমধ্যে চুক্তি হয়েছে, সেসব ক্ষেত্রে অভিযোগ যথাযথভাবে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বলা হয়েছে। বিশেষ করে, লালমনিরহাট, বরগুনা, সাতক্ষীরা, ফরিদপুর, নওগাঁ ও যশোর জেলার ডিলার নিয়োগ-সংক্রান্ত অভিযোগগুলো গুরুত্বের সঙ্গে বিবেচনা করে ব্যবস্থা নেওয়ার সুপারিশ করেছে কমিটি। বৈঠকে সারের বিতরণ, মজুত ও ব্যবস্থাপনা কার্যক্রম এবং সারের অবৈধ মজুত, বিপণন ও অন্যান্য অনিয়ম সরেজমিনে পরিদর্শন করে সমস্যা চিহ্নিতকরণ এবং তা নিরসনে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়নের লক্ষ্যে তিন সদস্যের কমিটি গঠন করা হয়। কমিটির সদস্য মো. মোস্তাফিজুর রহমানের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে তাঁকে আহ্বায়ক করে রোকন উদ্দীন বাবুল ও সাবিরা সুলতানাকে সদস্য করে এ কমিটি গঠন করা হয়েছে। তবে এ কমিটিতে বিরোধী দলের কাউকে সদস্য করা হয়নি।

‘ক্রসফায়ার’ নিয়ে আইজিপির বক্তব্যের

সন্ধ্যায় পুলিশ সদর দপ্তরের সিনিয়র তথ্য কর্মকর্তা এ কে এম কামরুল আহসানের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, রাজধানীর চকবাজারে কমিউনিটি ব্যাংকের চকবাজার ইসলামিক ব্যাংকিং শাখা উদ্বোধন অনুষ্ঠানে সোমবার সকালে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকির-এর বক্তব্যে ‘ক্রসফায়ার’নিয়ে গণমাধ্যমে প্রকাশিত বিভিন্ন সংবাদ ও শিরোনাম সম্পর্কে পুলিশ সদর দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। পুলিশ সদর দপ্তর জানায়, বাংলাদেশ পুলিশ রাষ্ট্রের প্রধান আইনপ্রয়োগকারী সংস্থা। অপরাধ দমন, অপরাধী গ্রেপ্তার, জনশৃঙ্খলা বজায় রাখা এবং জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করা পুলিশের অন্যতম মৌলিক দায়িত্ব। এসব দায়িত্ব পালনকালে পুলিশ সদস্যদের কখনো কখনো অপরাধী, সংঘবদ্ধ হামলাকারী কিংবা আইন অমান্যকারী ব্যক্তিদের সরাসরি প্রতিরোধ ও আক্রমণের মুখোমুখি হতে হয়। দেশের আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধী গ্রেপ্তার, অবৈধ কর্মকাণ্ড প্রতিরোধ এবং সরকারি দায়িত্ব পালন করতে গিয়ে চলতি ২০২৬ সালের প্রথম ১০ মাসে পুলিশের ওপর ১৭৬টি হামলার ঘটনা ঘটেছে। এসব হামলায় চারজন পুলিশ প্রাণ হারিয়েছেন এবং ৩৭০ জন গুরুতর আহত হয়েছেন। দেশের প্রচলিত আইন বিশেষ করে আত্মরক্ষার অধিকার, দণ্ডবিধি-১৮৬০, ফৌজদারি কার্যবিধি-১৮৯৮ এবং পুলিশ অ্যাক্ট-১৮৬১-এ পুলিশের আত্মরক্ষার অধিকারের কথা বলা রয়েছে। পুলিশ সদর দপ্তর আরও জানায়, আইজিপি তার বক্তব্যে মাদক কারবারি, সন্ত্রাসী, চাঁদাবাজ এবং জননিরাপত্তার জন্য হুমকি সৃষ্টিকারী অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণে পুলিশের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেছেন। তিনি এক্ষেত্রে আইন প্রয়োগের কঠোরতা বোঝাতে গিয়ে ‘ক্রসফায়ার’ শব্দটি আক্ষরিক অর্থে উল্লেখ করেছেন। তিনি বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বা বিচারিক প্রক্রিয়ার বাইরে শাস্তি প্রদানের লক্ষ্যে শব্দটি উল্লেখ করেননি। একই অনুষ্ঠানে সাংবাদিকদের সম্পর্কে আইজিপির মন্তব্য নিয়েও বিভ্রান্তি তৈরি হয়েছে। প্রকৃত অর্থে তিনি সাংবাদিকদের সম্পর্কে ঢালাও কোন মন্তব্য করতে চাননি, এটি অসাবধানতাবশত হয়েছে। বাংলাদেশ পুলিশ মানবাধিকার সমুন্নত রেখে জনগণের জানমাল রক্ষা এবং আইনের শাসন প্রতিষ্ঠায় পেশাদারত্ব ও নিরপেক্ষতার সাথে দায়িত্ব পালনে প্রতিশ্রুতিবদ্ধ।

কলাপাড়ায় মাছের ঘের

স্ত্রী নুরবানু (৪৫) নিজেদের সবজিখেতে গিয়ে পানি সেচের মোটর দেখতে পান। পরে তিনি স্বজনদের খবর দেন। তাঁরা সেখানে পৌঁছে প্রথমে পানিতে খোঁজাখুঁজি করেন। এ সময় পানির মধ্যে নুর ইসলামের শরীর তাঁদের পায়ে লাগলে ভয়ে তাঁরা পানি থেকে উঠে আসেন। পরে পুলিশ ও ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হয়। খবর পেয়ে প্রথমে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। এরপর পুলিশ সেখানে গিয়ে প্রয়োজনীয় অনুমতি দিলে ফায়ার ফাইটার মেহেদী ও হাসান মাছের ঘেরের গভীর তলদেশ থেকে নুর ইসলামের মরদেহ উদ্ধার করেন। এ বিষয়ে কলাপাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম বলেন, 'ওই ব্যক্তি বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা গেছেন। পরিবারের সদস্যদের কারও বিরুদ্ধে কোনো অভিযোগ না থাকায় ঘটনাস্থল থেকে লাশটি পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।'

হত্যা মামলার আসামি বিএনপি

সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। দলীয় শৃঙ্খলা ভঙ্গ, দলের নীতি-আদর্শ ও সংহতিবিরোধী অনৈতিক কর্মকাণ্ডে জড়িত থাকার অভিযোগে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করায় তাকে আজীবনের জন্য বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। জানা গেছে, কাঞ্চন মোল্লা উজিরপুরের সাতলায় যুবদল কর্মী কাওছার হাওলাদার হত্যা মামলার ৬ নম্বর এজাহারভুক্ত আসামি। তবে বহিষ্কারের বিষয়ে মো. কাঞ্চন মোল্লার বক্তব্য তাৎক্ষণিকভাবে পাওয়া যায়নি। আসামি কাঞ্চন মোল্লার বিষয়ে জানতে চাইলে উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ মো. রকিবুল ইসলাম বলেন, 'শুধু ৬নং আসামি নয়, পলাতক সকল আসামি ধরার জন্য অভিযান চলমান। কোনো ধরনের বাধা নেই।'

চরফ্যাশনে যুবদল নেতার ওপর

অনুরোধ জানান তিনি। এ সময় জিটু নামের এক ব্যক্তি তাঁর কাছে ছয়টি টিউবওয়েল বিক্রির প্রস্তাব দেন। এ জন্য মোবারক উল্লাহ তাঁকে ১৮ হাজার টাকা দেন। পরে আরও ছয়টি টিউবওয়েল দেওয়ার কথা বলে জিটু আরও ১৮ হাজার টাকা নেন। মোট ৩৬ হাজার টাকা দেওয়ার পরও দুই মাসে টিউবওয়েল কিংবা টাকা ফেরত পাননি বলে অভিযোগ করেছেন মোবারক উল্লাহ। তাঁর সমর্থকদের ভাষ্য, গত রোববার দুলারহাট বাজারের বাসস্ট্যান্ড এলাকায় জিটুকে দেখতে পেয়ে পাওনা টাকা ফেরত চান মোবারক উল্লাহ। এ সময় ক্ষিপ্ত হয়ে জিটু ও তাঁর সহযোগীরা তাঁর ওপর হামলা চালান। এতে তিনি গুরুতর আহত হন। হামলার খবর ছড়িয়ে পড়লে তাঁর সমর্থকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়। অভিযুক্ত ব্যক্তিদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সোমবার সকালে তাঁরা দুলারহাট-চরফ্যাশন আঞ্চলিক সড়ক অবরোধ করে বিক্ষোভ করেন। দুলারহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াছিন আলম চৌধুরী জানান, এ ঘটনায় মোবারক উল্লাহর ভাই আনোয়ার উল্লাহ বাদী হয়ে অজ্ঞাতনামাসহ ২০ জনের বিরুদ্ধে মামলা করেছেন। অভিযুক্তদের দ্রুত গ্রেপ্তারের আশ্বাস পেয়ে আন্দোলনকারীরা অবরোধ তুলে নিয়েছেন। বর্তমানে সড়কটিতে যান চলাচল স্বাভাবিক রয়েছে।

দুই পৌরসভার বর্জ্যে দূষিত

বর্জ্য পচে দুর্গন্ধ ছড়াচ্ছে আশপাশের এলাকায়। এতে নদীর তীরবর্তী বিভিন্ন স্থানে বর্জ্য ফেলার কারণে পরিবেশ দূষণের পাশাপাশি নদীর পানি দূষিত হওয়ার আশঙ্কা করছেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দারা জানান, পৌর এলাকার বাসাবাড়ি, বাজার ও বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠান থেকে প্রতিদিন বিপুল পরিমাণ বর্জ্য সংগ্রহ করা হয়। এর একটি অংশ নির্দিষ্ট স্থানে না নিয়ে নদীর তীরে ফেলা হচ্ছে। পরে বৃষ্টি ও জোয়ারের পানিতে এসব বর্জ্যের একটি অংশ নদীতে গিয়ে পড়ছে। নলছিটি পৌরসভার বাসিন্দা এইচ এম সিজার বলেন, পৌরসভার যত বর্জ্য আছে সেগুলো নিয়ে এসে কলবাড়ী এলাকার সুগন্ধা নদীর তীরে ফেলা হচ্ছে। এতে দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ দূষিত হচ্ছে। জোয়ারের পানিতে ময়লা নদীতেও মিশে যাচ্ছে। বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট জায়গা প্রয়োজন। ঝালকাঠি পৌর শহরে বাসিন্দা মাহবুব হোসেন সৈকত বলেন, নদীর পাশে ময়লা ফেলায় সব সময় দুর্গন্ধ থাকে। বৃষ্টি হলে ময়লা পানিতে মিশে নদীতে চলে যায়। দ্রুত এভাবে ময়লা ফেলা বন্ধ করা দরকার। সুজন ও ঝালকাঠি গাছপালা নদীনালা রক্ষা আন্দোলনের জেলা সেক্রেটারি ইসমাঈল মুসাফির বলেন, ঝালকাঠি ও নলছিটি পৌর এলাকায় প্রতিদিন যে পরিমাণ বর্জ্য উৎপাদন হয় তা সংগ্রহ ও অপসারণে পরিচ্ছন্নতাকর্মী অনেক কিন্তু বাস্তবে কম। দুটি পৌরসভার বর্জ্যই সুগন্ধা নদীর পাড়ে ফেলা হচ্ছে। এগুলোর গলিত পানি ভূগর্ভস্থ পানিতে চলে যাচ্ছে। জোয়ার ও বৃষ্টিতে আশপাশের কৃষিজমি ও নদীনালায় যাচ্ছে। অনেক সময় বর্জ্য পুড়িয়ে দিলেও বাতাস দূষিত হচ্ছে। সভ্য কোনো দেশে এভাবে নদীর পাড়ে বর্জ্য ফেলা হয় না। এদিকে পৌর রাজস্ব বাজেটের অনেকটাই খরচ হওয়ার কথা বর্জ্য ব্যবস্থাপনায়। রাতের অন্ধকারে সড়কের পাশে, নদীর পাড়ে বর্জ্য ফেলা বন্ধ করতে কার্যকর ব্যবস্থা নিতে হবে। দ্রুত সময়ের মধ্যে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা স্টেশন তৈরি করতে পারলে ময়লা ধ্বংস বা রিসাইকেল করা যাবে। ঝালকাঠির কুনিহারীতে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা ইউনিট নির্মাণে পরিবেশ অধিদপ্তরের সাইট ক্লিয়ারেন্স ও পরিবেশের ছাড়পত্র পাওয়া গেলেও এখনও জমি অধিগ্রহণের কাজ শেষ হয়নি। অন্যদিকে নলছিটি পৌরসভার ক্ষেত্রেও এমন উদ্যোগ নিতে হবে। নলছিটি পৌর প্রশাসক প্রতীক কুমার কুন্ডুর মুঠোফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও তিনি ফোন ধরেননি। ফলে এ বিষয়ে তার বক্তব্য পাওয়া যায়নি। ঝালকাঠি পৌরসভার প্রশাসক জুলিয়া সুকায়না বলেন, এর আগে ডাম্পিং স্টেশন ছিল না। বর্তমানে পৌরসভার জন্য ডাম্পিংয়ের ব্যবস্থা করা হয়েছে। নদীর তীরে যাতে বর্জ্য ফেলা না হয়, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। জেলা প্রশাসক মোহাম্মাদ মমিন উদ্দিন বলেন, পৌরসভার প্রশাসকদের আগে থেকেই নির্দেশনা দেওয়া হয়েছে, নদীর তীরে ময়লা ফেলা যাবে না। ময়লা ফেলার জন্য বিকল্প ব্যবস্থা নিতে বলা হয়েছে। এরপরও যদি নদীতে ময়লা ফেলা হয়, বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হবে।

টানা দ্বিতীয়বার জেলার শ্রেষ্ঠ ওসি

হয়েছেন আমতলী থানার পুলিশ পরিদর্শক সঞ্জয় কুমার দত্ত। এ ছাড়া জেলার শ্রেষ্ঠ তদন্তকারী কর্মকর্তা নির্বাচিত হয়েছেন উপপরিদর্শক (এসআই) মো. শওকত হোসেন, জেলার শ্রেষ্ঠ মাদক উদ্ধারকারী কর্মকর্তা নির্বাচিত হয়েছেন এসআই তানজিল আলম। একই সঙ্গে জেলার শ্রেষ্ঠ ওয়ারেন্ট তামিলকারী কর্মকর্তা হিসেবে নির্বাচিত হয়েছেন সহকারী উপপরিদর্শক (এএসআই) হারাধন চন্দ্র বাইন, এএসআই মো. জসিম উদ্দিন ও এএসআই মো. মাইনুল ইসলাম। একই থানার সাতজন পুলিশ সদস্যের বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠত্ব অর্জন আমতলী থানা পুলিশের পেশাগত দক্ষতা, দায়িত্বশীলতা ও সম্মিলিত প্রচেষ্টার প্রতিফলন হিসেবে দেখা হচ্ছে। অপরাধ দমন, মামলার তদন্ত, মাদক উদ্ধার এবং আদালতের গ্রেপ্তারি পরোয়ানা তামিলসহ পুলিশের নিয়মিত কার্যক্রমে তাঁদের অবদানের স্বীকৃতি হিসেবেই এ অর্জনকে বিবেচনা করা হচ্ছে। টানা দ্বিতীয়বার জেলার শ্রেষ্ঠ ওসি নির্বাচিত হওয়ায় মহান আল্লাহর দরবারে শুকরিয়া আদায় করেছেন মো. ইয়াকুব হোসাইন। একই সঙ্গে এ স্বীকৃতির জন্য তিনি ঊর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। এ অর্জনের কৃতিত্ব নিজের একার নয় উল্লেখ করে তিনি তাঁর সহকর্মীদের আন্তরিকতা, নিরলস পরিশ্রম, পেশাদারিত্ব ও সম্মিলিত প্রচেষ্টার কথা তুলে ধরেন। আমতলী থানার অফিসার ইনচার্জ (ওসি)মো. ইয়াকুব হোসেন বলেন, সহকর্মীদের আন্তরিকতা ও সহযোগিতাই এ অর্জনের মূল শক্তি। তাঁদের সম্মিলিত প্রচেষ্টা ছাড়া এ স্বীকৃতি অর্জন সম্ভব হতো না। এ ছাড়া উপজেলা প্রশাসন, স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, সাধারণ মানুষ ও সাংবাদিকদের সহযোগিতা ও সমর্থনের জন্য তিনি কৃতজ্ঞতা জানান। তিনি আরও বলেন, সবার সহযোগিতা ও ভালোবাসা নিয়ে ভবিষ্যতেও সততা, নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে জনসেবায় নিয়োজিত থাকতে চান। আইনশৃঙ্খলা রক্ষা, অপরাধ দমন এবং সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন।

কাউখালীতে অভিযানে ৬ হাজার

অভিযান অব্যাহত থাকবে। মা ইলিশের প্রজনন মৌসুমে অবৈধ জাল দিয়ে মাছ শিকার বন্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তৎপরতা অব্যাহত রয়েছে। ইলিশের উৎপাদন ও প্রজনন সুরক্ষায় নদীতে নজরদারি জোরদারের ওপর গুরুত্ব দিচ্ছেন সংশ্লিষ্টরা।

আগৈলঝাড়ায় সাবেক উপজেলা

পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান। এ ছাড়া তিনি কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের উপজেলা ছাত্রলীগের সাবেক সদস্য। পুলিশ জানায়, সম্প্রতি সেরাল গ্রামে জনগণের মনে আতঙ্ক এবং ভীতি সৃষ্টি করতে সড়কে মিছিলের প্রস্তুতি নেয়। এতে সঞ্জয় কুমার বাঢ়ৈসহ নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা অংশ নেয়। পরে এ ঘটনায় থানায় সন্ত্রাসবিরোধী আইনে মামলা করা হয়। সেই মামলায় অজ্ঞাত আসামি হিসেবে সঞ্জয় কুমার বাঢ়ৈকে গ্রেফতার দেখানো হয়েছে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান জানান, কার্যক্রম নিষিদ্ধ সাবেক উপজেলা ছাত্রলীগের সাবেক সদস্য ও উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান সঞ্জয় কুমার বাঢ়ৈকে সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

বাউফলের খালে মেলা মরদেহটিকে

এর আগে শুক্রবার (২৩ অক্টোবর) বিকেল সাড়ে ৩টার দিকে বাউফল পৌর শহরের বাংলাবাজার জামে মসজিদসংলগ্ন আলোকি খাল থেকে অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির অর্ধগলিত মরদেহ উদ্ধার করে পুলিশ। পরিবার সূত্রে জানা গেছে, গত ২১ অক্টোবর বাউফলে ছোট স্ত্রী ফারজানা বেগমের বাসা থেকে নিখোঁজ হন আলম গাজী। এরপর থেকে তার কোনো সন্ধান পাওয়া যায়নি। আলমের তিন স্ত্রী। প্রথম স্ত্রী পিয়ারা বেগম বাউফল পৌর শহরের ৬ নম্বর ওয়ার্ডে এবং দ্বিতীয় স্ত্রী কমলা বেগম গলাচিপা উপজেলার পাতাবুনিয়া গ্রামে থাকেন। ছোট স্ত্রী ফারজানা বেগম থাকেন বাউফলের দাশপাড়া বাসস্ট্যান্ড এলাকায়। আলম ছোট স্ত্রীর সঙ্গেই থাকতেন। রোববার কালাইয়া নৌ-পুলিশ ফাঁড়িতে গিয়ে খাল থেকে উদ্ধার হওয়া মরদেহের লুঙ্গি ও টি-শার্ট দেখে সেগুলো নিখোঁজ আলমের বলে দাবি করেন তার প্রথম স্ত্রী ও চার সন্তান। এরপর তাঁর বড় মেয়ে রিপা বেগম হত্যা মামলা করেন। কালাইয়া নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ (আইসি) মনিরুজ্জামান সরদার বলেন, মরদেহটির সঙ্গে প্রায় ১৭টি ইটভর্তি একটি প্লাস্টিকের বস্তা বাঁধা ছিল। মরদেহ গুমের উদ্দেশ্যে এভাবে খালে ডুবিয়ে রাখা হয়েছিল বলে ধারণা করা হচ্ছে। ময়নাতদন্ত শেষে আঞ্জুমান মুফিদুল ইসলামের মাধ্যমে মরদেহটি পটুয়াখালী সরকারি কবরস্থানে দাফন করা হয়েছে। বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম বলেন, স্বজনদের দাবির পরিপ্রেক্ষিতে মামলা নেওয়া হয়েছে। তবে ডিএনএ পরীক্ষার প্রতিবেদন পাওয়ার পরই মরদেহটি নিখোঁজ আলম গাজীর কি না, তা নিশ্চিত হওয়া যাবে। আলামত ও পারিপার্শ্বিক পরিস্থিতি বিবেচনায় ঘটনাটি পরিকল্পিত হত্যাকাণ্ড বলে মনে হচ্ছে। ঘটনার রহস্য উদ্?ঘাটন এবং জড়িত ব্যক্তিদের শনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে।

আ.লীগ নেতার বাড়িতে দাওয়াতে আসা

সরদার, মাহিলাড়া ইউনিয়ন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক পলাশ হাওলাদার ও পৌর ছাত্রলীগের সদস্য সজিব সরদার। সাবেক ইউপি চেয়ারম্যান সৈকত গুহ পিকলু জানান, আমাদের বাড়িতে লক্ষ্মী পূজার অনুষ্ঠান চলছিল। সেখানে আমার কিছু শুভাকাঙ্ক্ষীদের দাওয়াত দেওয়া হয়েছিল। রোববার সন্ধ্যার দিকে বিএনপির কতিপয় কর্মী-সমর্থক আমাদের বাড়িতে এসে দাওয়াতে আসা ছয়জনসহ আমার ছোট ভাই পিন্টু গুহকে পুলিশের হাতে তুলে দিয়েছে। এ ঘটনায় গৌরনদী মডেল থানার উপপরিদর্শক (এসআই) মো. পারভেজ আহমেদ বাদী হয়ে সন্ত্রাসবিরোধী (সংশোধন) আইনে একটি নিয়মিত মামলা দায়ের করেছেন। মামলায় গ্রেফতারকৃতসহ এজাহারে সাবেক ইউপি চেয়ারম্যান সৈকত গুহ পিকলু, সাবেক উপজেলা চেয়ারম্যান মনির হোসেন মিয়াসহ অজ্ঞাতনামা আরও ২৫-৩০ জনকে আসামি করা হয়েছে। এজাহারে উল্লেখ করা হয়েছে, নিষিদ্ধ ঘোষিত সংগঠনের কিছু সক্রিয় নেতাকর্মীরা সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র, জনগণের মধ্যে আতঙ্ক সৃষ্টি, আসন্ন ডিসেম্বর মাসে তাদের দলীয় প্রধানের দেশে প্রত্যাবর্তন সফল করার লক্ষে এবং রাজনৈতিক কার্যক্রম সচল করার উদ্দেশ্যে গৌরনদীর বিল্লগ্রাম এলাকার একটি বসতঘরে গোপন বৈঠকে মিলিত হওয়ার খবর পেয়ে পুলিশ অভিযান পরিচালনা করে। পুলিশের উপস্থিতি টের পেয়ে আসামিরা পালানোর চেষ্টা করলে ধাওয়া করে সাতজনকে আটক করা হয়। এসময় অন্যান্য আসামিরা পালিয়ে যায়। গৌরনদী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তারিক হাসান রাসেল জানান, আটককৃতদের উল্লিখিত মামলায় গ্রেফতার দেখিয়ে সোমবার দুপুরে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। পাশাপাশি মামলার অপর আসামিদের গ্রেপ্তারের জন্য পুলিশের অভিযান চলছে।

বরিশালে স্থিতিশীল সবজির

লেবু হালি ৩০ টাকা দরে বিক্রি হচ্ছে। এদিকে শীতকালীন সিম ৯০-১০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এসব সবজি আবার খুচরা বাজারে ২০ থেকে ৪০ টাকা পর্যন্ত বেশি দামে বিক্রি করতে দেখা গেছে।নগরীর বাংলাবাজারে আসা ক্রেতা রাজিব হোসেন বলেন, কয়েকদিন ধরে সবজির দাম স্বাভাবিক থাকলেও মাছের বাজারে আগুন। নিজেদের নদ-নদীর মাছের দামও নাগালের বাইরে, সাধারণ মানুষ কী কিনে খাবে? এজন্য নিয়মিত বাজার মনিটরিং দরকার।সোহেল নামের এক ক্রেতা বলেন, যখন বৃষ্টির সিজন ছিল তখন শুনি বৃষ্টির কারণে সবজির সরবরাহ কম তাই দাম বেশি। আবার এখন শুনছি পরিবহন খরচ বৃদ্ধি পেয়েছে, তাই দাম বাড়তি। বাড়তি দামের বোঝা সব সাধারণ মানুষের ওপরই চাপে।নগরীর বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজারের দুলাল বাণিজ্যালয়ের শুভ নামের এক ব্যবসায়ী বলেন, দাম কমানো ও বাড়ানোর বিষয়ে এখানকার ব্যবসায়ীদের কোনো হাত নেই। এখানে ব্যবসায়ীরা পণ্য কিনে আনার পর যেমন কেনে তেমন দামে বিক্রি করেন।এদিকে নগরীর পোর্ট রোড পাইকারি মাছ বাজারে গিয়ে দেখা গেছে সাধারণ মানুষের হিমশিম অবস্থা। ব্যবসায়ীরা বলছেন, নদীর মাছের সরবরাহ না থাকায় চাহিদা ও দাম দুটোই বেড়েছে চাষের মাছের। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০-১০০ টাকা পর্যন্ত বেড়েছে। এতে পছন্দের মাছ কিনতে না পারার আক্ষেপ ক্রেতাদের কণ্ঠে।জাহিদুল নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১৩০০ টাকায় পর্যন্ত বিক্রি হচ্ছে। একই ভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে না পেরে তেলাপিয়া ও পাঙাশ মাছ কিনতে হয়।আরেক ক্রেতা রিপন হাওলাদার বলেন, ইলিশতো আর দেশের বাইরে থেকে রপ্তানি হয় না, নিজেদের নদ-নদীর ইলিশ তাও কেনার সাধ্য নেই। এখন অন্যান্য মাছও কেনা যাচ্ছে না। চাষের পাঙাশ ও তেলাপিয়া মাছের দামও দিনদিন বাড়ছে। আসলে দাম কমানো বা বাড়ানো এটা সম্পূর্ণ ব্যবসায়ীদের কারসাজি।এদিকে কিছুটা স্বস্তি রয়েছে মুরগির বাজারে। কিছু দিন ধরেই ব্রয়লার মুরগি প্রতি কেজি ১৭০-১৭৫ টাকা বিক্রি হচ্ছে, লেয়ার ৩৩০, আর সোনালি মুরগি বিক্রি হচ্ছে ২৮০ টাকায়। তবে অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দাম।

ধর্ষণ মামলার ২৪ ঘণ্টার

মামলার এজাহার সূত্রে জানা যায়, ভুক্তভোগী কিশোরীর প্রতিবেশী জাকির হোসেন দীর্ঘদিন ধরে তাকে কুপ্রস্তাব দিয়ে আসছিলেন। এর ধারাবাহিকতায় গত ২২ অক্টোবর সকাল আনুমানিক ৯টা ৫০ মিনিটে বাড়ির পাশে ডোবার পাড়ে কলমি শাক তুলতে গেলে কিশোরীকে জোরপূর্বক ধর্ষণ করেন বলে অভিযোগ উঠেছে। এ সময় কিশোরীর চিৎকার শুনে আশপাশের লোকজন এগিয়ে এলে অভিযুক্ত পালিয়ে যান। পরে ভুক্তভোগীর বাবা বাদী হয়ে উজিরপুর মডেল থানায় মামলা করেন। এসআরবি-৮-এর সদর কোম্পানির একটি অভিযানিক দল মামলার পর ২৪ ঘণ্টার মধ্যে অভিযান চালিয়ে জাকিরকে গ্রেফতার করে। পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তাকে উজিরপুর থানায় হস্তান্তর করা হয়। পরে সোমবার সকালে তাকে বরিশাল আদালতে পাঠানো হয়।

ক্রসফায়ার নিয়ে আইজিপির বক্তব্য আইনের

(টিআইবি)।সংস্থাটি বলেছে, আইনশৃঙ্খলা রক্ষায় ব্যর্থতা ও প্রাতিষ্ঠানিক দুর্বলতা মোকাবিলার পরিবর্তে বিচারবহির্ভূত হত্যাকে অপরাধ দমনের গ্রহণযোগ্য হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠার বিপজ্জনক বার্তা দিচ্ছে এ বক্তব্য। সোমবার (২৬ অক্টোবর) এক বিজ্ঞপ্তিতে এ নিন্দা ও উদ্বেগ জানায় টিআইবি। সংস্থাটির মতে, আইজিপির এ বক্তব্য সংবিধান ও আইনের শাসনের প্রতি চরম অবজ্ঞার প্রকাশ। এ বিষয়ে সরকারের কাছে আনুষ্ঠানিক ব্যাখ্যা গ্রহণ, আইজিপির প্রশাসনিক জবাবদিহি নিশ্চিত এবং জবাবদিহি নিশ্চিত না হওয়া পর্যন্ত তাকে দায়িত্ব থেকে অপসারণের আহ্বান জানিয়েছে সংস্থাটি।বিজ্ঞপ্তিতে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, 'আইনশৃঙ্খলা রক্ষায় নিজেদের ব্যর্থতার ঢাল হিসেবে পুলিশপ্রধান কি ক্রসফায়ারকে ব্যবহার করতে চাইছেন?'সরকারের অনুমতির শর্ত জুড়ে বিচারবহির্ভূত হত্যাকে বৈধতা দেওয়ার পথ খোঁজা আইনসম্মতভাবে অপরাধ দমনে ব্যর্থতার স্বীকারোক্তি কি না, সেই প্রশ্নও তোলেন তিনি।তিনি বলেন, 'পুলিশের দায়িত্ব পেশাদার তদন্ত, অপরাধী শনাক্ত এবং গ্রহণযোগ্য প্রমাণের ভিত্তিতে অভিযুক্তকে বিচারের মুখোমুখি করা। এর বিকল্প হিসেবে ক্রসফায়ারকে সামনে আনা প্রাতিষ্ঠানিক দুর্বলতার সমাধান নয়; বরং পেশাগত দেউলিয়াত্বের দৃষ্টান্ত।'ইফতেখারুজ্জামান আরও বলেন, 'আইজিপি একই বক্তব্যে আইন ও সংবিধান অনুযায়ী দায়িত্ব পালনের কথা বলেছেন, আবার সরকারের অনুমতি পেলে ক্রসফায়ার করার কথাও বলেছেন। এ দুই অবস্থান সাংঘর্ষিক। কোনো সরকারের অনুমতি বিচারবহির্ভূত হত্যাকে বৈধ করতে পারে না। সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদে সুরক্ষিত আইনের আশ্রয়লাভ এবং জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার নির্বাহী সিদ্ধান্তে বাতিল করা যায় না। অভিযোগ যত গুরুতরই হোক, বিচারপ্রক্রিয়া পাশ কাটিয়ে কাউকে হত্যার এখতিয়ার পুলিশের নেই।'বিচারবহির্ভূত হত্যার অতীত ঘটনাগুলো স্মরণ করিয়ে দিয়ে টিআইবির নির্বাহী পরিচালক বলেন, 'সিনহা হত্যা মামলায় পুলিশ সদস্যদের দণ্ড এবং মামলাটির রায়সংক্রান্ত প্রতিবেদনে ক্রসফায়ারের ভয় দেখিয়ে অর্থ আদায়, নির্যাতন ও হত্যার অভিযোগ এ পদ্ধতির ভয়াবহতা স্মরণ করিয়ে দেয়। টেকনাফের কাউন্সিলর একরামুল হক কথিত বন্দুকযুদ্ধে নিহত হওয়ার ঘটনায় পরিবারের প্রকাশিত অডিও ও হত্যার অভিযোগও ব্যাপক প্রশ্ন তুলেছিল। এছাড়া নারায়ণগঞ্জের সাত খুনের মামলায় সাবেক র‍্যাব কর্মকর্তাদের দণ্ড আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ক্ষমতার অপরাধমূলক ব্যবহারের বিচারিকভাবে প্রতিষ্ঠিত উদাহরণ।'অতীতের এসব ঘটনার পরও পুলিশপ্রধানের বক্তব্যে ক্রসফায়ারের সম্ভাবনা সামনে আসায় প্রশ্ন তুলে ইফতেখারুজ্জামান বলেন, 'অতীতের অপরাধ থেকে পুলিশ কী শিক্ষা নিয়েছে, এর উত্তর পুলিশপ্রধানকেই দিতে হবে।'

ইরানের সঙ্গে বৈঠকে বসছেন মক্কা

রয়টার্সকে এ তথ্য জানিয়েছেন। বৈঠকে সৌদি আরবের প্রতিনিধিত্ব করবেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী প্রিন্স খালিদ বিন সালমান। পাকিস্তানের পক্ষ থেকে থাকবেন দেশটির সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির। তুরস্কের গোয়েন্দাপ্রধানও বৈঠকে যোগ দেবেন বলে জানিয়েছেন সংশ্লিষ্ট ব্যক্তিদের একজন। ইয়েমেনের ইরানপন্থি হুতি গোষ্ঠীর হামলা বেড়ে যাওয়ার পর এই প্রথম তিন দেশের জোটের সব সদস্যের সঙ্গে ইরানের উচ্চপর্যায়ের বৈঠক হতে যাচ্ছে। রোববারও সৌদি আরবের দিকে ছোড়া এক দফা ক্ষেপণাস্ত্র ও ড্রোন প্রতিহত করেছে দেশটি। হুতিদের সঙ্গে সংঘাতও অব্যাহত রয়েছে। চলতি মাসের শুরুতে রিয়াদে মক্কা প্রতিরক্ষা চুক্তিভুক্ত দেশগুলোর মন্ত্রীরা জরুরি বৈঠক করেন। সেখানে সৌদি আরবে দ্রুত সামরিক বাহিনী ও প্রতিরক্ষা সক্ষমতা মোতায়েনের বিষয়ে একমত হন তারা। যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানবিরোধী সামরিক অভিযানকে ঘিরে চলমান সংঘাতে আঞ্চলিক অস্থিতিশীলতা বাড়ছে। এতে যুক্তরাষ্ট্রের মিত্র সৌদি আরবও চাপের মুখে পড়েছে। গত আগস্টে তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তান মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তি সই করে। চুক্তি অনুযায়ী, কোনো সদস্য দেশের ওপর সশস্ত্র হামলাকে অন্য সদস্যদের ওপর হামলা হিসেবে বিবেচনা করা হবে। চুক্তির প্রথম অনুচ্ছেদে সদস্য দেশগুলোর ভূখণ্ডের অখণ্ডতা, সার্বভৌমত্ব ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত সীমান্তের প্রতি হুমকি দূর করতে 'প্রয়োজনীয় সব উপায়' ব্যবহারের কথা বলা হয়েছে। চুক্তিটি অনুমোদনের প্রক্রিয়া তুরস্কের পার্লামেন্টে গত সপ্তাহে শুরু হয়েছে এবং এখনো চলছে। অন্যদিকে পাকিস্তান গত সপ্তাহে চুক্তিটি অনুমোদন করেছে।

লক্ষ্মীপূজায় পটকার বিস্ফোরণে উড়ে গেল কিশোরের ৫ আঙুল

গলাচিপা প্রতিনিধি

পটুয়াখালীর গলাচিপায় লক্ষ্মীপূজা উপলক্ষ্যে বাজি ও পটকা (বোমা) ফোটাতে গিয়ে অমিত হাজারি (১৮) নামে এক কিশোরের হাতের পাঁচটি আঙুল বিচ্ছিন্ন হয়ে গেছে। বিস্ফোরণে তার হাত গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আহত অমিতের হাতটি রক্ষা করা যাবে কি না, তা নিয়ে আশঙ্কা প্রকাশ করেছেন চিকিৎসক। রোববার (২৫ অক্টোবর) রাত সাড়ে ৯টার দিকে গলাচিপা উপজেলার ডাকুয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাংলাবাজার গ্রামে এ ঘটনা ঘটে। আহত অমিত ওই গ্রামের অর্জুন হাজারির ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, লক্ষ্মীপূজা উপলক্ষ্যে আনন্দ-উল্লাসের একপর্যায়ে বোমা ফোটাতে গিয়ে বিস্ফোরণে গুরুতর আহত হন অমিত হাজারি। পরে স্থানীয়রা তাঁকে আশঙ্কাজনক অবস্থায় গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর উন্নত চিকিৎসার জন্য তাঁকে ঢাকার জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ওই পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) পাঠানো হয়। গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মরত চিকিৎসক ডা. আবদুল্লাহ আল নোমান বলেন, 'আহত অমিতের হাতে ডিগ্লোভিং ইনজুরি (ত্বক ও নরম টিস্যু মারাত্মকভাবে উঠে যাওয়া) হয়েছে। বোমা বিস্ফোরণে তাঁর হাত গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। হাতটি রক্ষা করা যাবে কি না, তা নিয়ে আশঙ্কা রয়েছে।' এ বিষয়ে গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইমতিয়াজ আহমেদ বলেন, 'লক্ষ্মীপূজা উপলক্ষ্যে আনন্দ-উল্লাস করতে গিয়ে এ ঘটনা ঘটেছে বলে প্রাথমিকভাবে জানতে পেরেছি। বিষয়টি আরও গভীরভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।'

আগৈলঝাড়ায় বালুর ব্যবসা কেন্দ্র করে আহত তিন

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালে আগৈলঝাড়া উপজেলার পশ্চিম সুজনকাটি গ্রামের মৃত ইয়াকুব আলী মোল্লার পুত্র ও বিএনপি নেতা ও বালু ব্যবসায়ী মনির হোসেন মোল্লাকে মারধরের অভিযোগ পাওয়া গিয়েছে অভিযোগ সূত্রে জানা যাচ্ছে যে পার্শ্ববর্তী পূর্ব সুজনকাঠী গ্রামের মৃত্যু কবির হোসেন তালুকদারের পুত্র বিএনপি নেতা শুভ তালুকদার ও হৃদয় হাসানবাবু সহ এরা কয়েকটি মোটরসাইকেল যোগে এসে ঘটনাস্থল উপজেলা পিছনে সমীর মজুমদারের দোকানের সামনে বসে দুই পক্ষর মধ্যে কথার কাটাকাটি এক পর্যায় ২৫/১০/২০২৬ ইং বালুর ব্যবসায়ী মনির হোসেন মোল্লা জানান দীর্ঘদিনের ন্যায় আমি আমার ব্যবসা চালিয়ে আসছি এরই মধ্যে শুভ তালুকদার গং আমার কাছে ৫ লক্ষ টাকা চাঁদা হিসাবে দাবি করছেন. আমি টাকা না দেওয়ার কথা প্রকাশ করলে আমাকে সহ আমার লোকজনের উপর অতর্কিত হামলা চালায় এক পর্যায় আমি গুরুতর আহত অবস্থায় ঘটনাস্থলে লুটিয়ে পড়লে পার্শ্ববর্তী লোকজন এসে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার লক্ষ্যে বরিশাল শেরে বাংলা মেডিকেল প্রেরণ করা হয় সাথে থাকা দুজনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ভর্তি করা হয়েছে উক্ত বিষয় নিয়ে আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মাসুদ খান জানান উক্ত বিষয় নিয়ে মনির হোসেন মোল্লা ভাই আনোয়ার হোসেন মোল্লা বাদী হয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন তবে অভিযোগ অনুযায়ী আইন অনুযায় ব্যবস্থা নেওয়া হবে তবে এ বিষয় প্রতিপক্ষের কাছে জানতে চাইলে তাহাকে পাওয়া যাচ্ছে না এ কারণে তার বক্তব্য তুলে ধরা হল না।

তারকাদের নাম ভাঙিয়ে কার্নিভাল

নাম ঘোষণা করা হলেও তাদেরও দেখা যায়নি। একইভাবে অনেক ইনফ্লুয়েন্সারের নাম প্রচার করা হলেও তারা অংশ নেননি বলে অভিযোগ উঠেছে।এতে ক্ষোভ প্রকাশ করেছেন আগত পর্যটক, দর্শনার্থী ও স্থানীয় বাসিন্দারা। তাদের অভিযোগ, তারকাদের উপস্থিতির প্রত্যাশা তৈরি করে মানুষকে আকৃষ্ট করা হলেও বাস্তবে সেই প্রত্যাশা পূরণ হয়নি। কেউ কেউ একে প্রতারণা বলে অভিহিত করেছেন। তাদের মতে, এমন ঘটনা কুয়াকাটার পর্যটন ভাবমূর্তির ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। গত ২৩ ও ২৪ অক্টোবর বাংলাদেশ পর্যটন করপোরেশনের উদ্যোগে আয়োজিত হয় দুই দিনব্যাপী 'কুয়াকাটা পর্যটন কার্নিভাল-২০২৬'। দীর্ঘ বিরতির পর আয়োজিত এ উৎসবের উদ্দেশ্য ছিল কুয়াকাটার পর্যটন সম্ভাবনা, প্রাকৃতিক সৌন্দর্য ও স্থানীয় সংস্কৃতিকে দেশব্যাপী তুলে ধরা। বিপুলসংখ্যক দর্শনার্থীর উপস্থিতিতে গান, নৃত্য, সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন বিনোদনমূলক কর্মসূচিতে মুখর ছিল সমুদ্রসৈকত। তবে তারকাদের অনুপস্থিতি নিয়ে তৈরি হয়েছে বিতর্ক।কার্নিভালের প্রস্তুতি নিয়ে গত ৪ অক্টোবর কুয়াকাটা পর্যটন হলিডে হোমসের হলরুমে অনুষ্ঠিত এক সভায় অ্যাকশন কাট এন্টারটেইনমেন্টের অর্গানাইজার অনন্য মামুন তারকাদের থাকার বিষয়টি নিশ্চিত করেছিলেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এরপর সামাজিক যোগাযোগমাধ্যমে বিভিন্ন তারকা ও ইনফ্লুয়েন্সারের নাম ঘিরে প্রত্যাশা তৈরি হয়। কিন্তু কার্নিভালের দুই দিনের আয়োজনে প্রচারিত অনেক তারকাকে দেখা যায়নি। বিশেষ করে জাতীয় দলের পরিচিত ক্রিকেটার ও ফুটবলারদের অংশগ্রহণের প্রত্যাশা থাকলেও তাদের অনুপস্থিতি দর্শনার্থীদের হতাশ করে।স্থানীয় তরুণ আশিক তালুকদার বলেন, দেশের বিভিন্ন স্থান থেকে পর্যটকরা কুয়াকাটায় এসেছেন শুধু কার্নিভাল উপলক্ষে। সামাজিক যোগাযোগমাধ্যমে যেসব তারকার নাম ঘোষণা করা হয়েছিল, তাদের কাউকেই আসতে দেখলাম না। আমি সেলিব্রিটি ক্রিকেটার দেখতে এসে জাতীয় দলের একজন নারী খেলোয়াড় ছাড়া ঘোষণায় থাকা কাউকেই পেলাম না। এটা একরকম প্রতারণা। এর ফলে কুয়াকাটার সুনাম অনেকটা ক্ষুণ্ন হলো।আশিকের মতো অনেক দর্শনার্থীরও অভিযোগ, বড় তারকাদের অংশগ্রহণের প্রত্যাশা তৈরি করে প্রচারণা চালানো হলেও শেষ পর্যন্ত তাদের অনুপস্থিতির বিষয়ে স্পষ্ট কোনো ব্যাখ্যা সামনে আসেনি। এতে শুধু দর্শকদের প্রত্যাশাই ভঙ্গ হয়নি, ভবিষ্যতে এ ধরনের আয়োজনের প্রচারণার বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন তৈরি হয়েছে।কার্নিভাল উপলক্ষে আয়োজিত ম্যারাথনে অংশ নিতে দেশের বিভিন্ন স্থান থেকে আসা দৌড়বিদদের কাছ থেকেও অভিযোগ উঠেছে। তাদের দাবি, রেজিস্ট্রেশনের জন্য ৫০০ টাকা করে নেওয়া হলেও প্রতিশ্রুতি অনুযায়ী টি-শার্ট, চিকিৎসাসেবা ও সময়মতো পানি সরবরাহ করা হয়নি।ম্যারাথনে অংশ নেওয়া হৃদয় নামের এক দৌড়বিদ বলেন, আমি রেজিস্ট্রেশন করেছি। আগের দিন রাতে আয়োজকদের বুথ থেকে টি-শার্ট দেওয়ার কথা ছিল। কিন্তু সেখানে গিয়ে কাউকে পাইনি। পরদিন সকালেও টি-শার্ট দেওয়া হয়নি। টাকা দিয়ে রেজিস্ট্রেশন করেও প্রতিশ্রুত সুবিধা না পাওয়ায় হতাশ হয়েছি। শুক্রবার (২৩ অক্টোবর) সকালে বিচ ফুটবলের মধ্য দিয়ে শুরু হয় কার্নিভালের কার্যক্রম। বিকেলে পর্যটনমন্ত্রী এম. রশিদুজ্জামান মিল্লাত কার্নিভালের উদ্বোধন করেন। এসময় পরিকল্পনা প্রতিমন্ত্রী জোনায়েদ আব্দুর রহিম সাকি, পটুয়াখালী-৪ আসনের সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন এবং বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান ও অতিরিক্ত সচিব শামীমুজ্জামানসহ সংশ্লিষ্ট অতিথিরা উপস্থিত ছিলেন। এছাড়া স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, পর্যটনসংশ্লিষ্ট সংগঠনের প্রতিনিধি, ব্যবসায়ী, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাংবাদিকেরা অনুষ্ঠানে অংশ নেন। কার্নিভালে সাংস্কৃতিক পরিবেশনা, সংগীত ও নৃত্যের আয়োজন দর্শকদের আকৃষ্ট করে।

ডেঙ্গুতে আরও ৫ জনের মৃত্যু হাসপাতালে ভর্তি ২২১৮

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ২১৮ জন। সোমবার (২৬ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৩৮৯ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অক্টোবরেই মারা গেছে ১৪৪ জন। এছাড়া সেপ্টেম্বরে সর্বোচ্চ ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, রোববার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ২১৮ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ২৬ হাজার ১৬৬ জনে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১ হাজার ৯৯৩ জন। এ পর্যন্ত মোট ১ লাখ ১৯ হাজার ৩৯৩ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৯৪২ জন। এছাড়া চট্টগ্রামে ২৪০ জন, খুলনায় ২৮৪ জন, বরিশালে ২৩২ জন, রাজশাহীতে ২৪৬ জন, ময়মনসিংহে ১২১ জন, রংপুরে ১১৩ জন এবং সিলেট বিভাগে ৪১ জন রোগী ভর্তি হয়েছেন।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ২৭ অক্টোবর ২০২৬ ॥ ১১ কার্তিক ১৪৩৩

ইরানের সঙ্গে বৈঠকে বসছেন মক্কা চুক্তির তিন দেশের শীর্ষ কর্মকর্তারা

কীর্তনখোলা ডেস্ক

আঞ্চলিক নিরাপত্তা ও সমন্বয় নিয়ে আলোচনা করতে সোমবার ইরানের রাজধানী তেহরানে বৈঠকে বসতে যাচ্ছেন মক্কা প্রতিরক্ষা চুক্তির তিন দেশ সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তানের শীর্ষ কর্মকর্তারা। বিষয়টি সম্পর্কে অবগত দুই ব্যক্তি

৩ এর পাতায় দেখুন

ক্রসফায়ার নিয়ে আইজিপির বক্তব্য আইনের শাসনের প্রতি চরম অবজ্ঞার প্রকাশ: টিআইবি

কীর্তনখোলা ডেস্ক

'সরকারের অনুমতি পেলে আইনশৃঙ্খলা রক্ষায় প্রয়োজনে পুলিশ ক্রসফায়ার করবে'আইজিপির এমন বক্তব্য প্রত্যাহার, নিঃশর্ত ক্ষমা প্রার্থনা ও জবাবদিহি নিশ্চিতের দাবি জানিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ

৩ এর পাতায় দেখুন

আ.লীগ নেতার বাড়িতে দাওয়াতে আসা যুবলীগ-ছাত্রলীগের ৭ নেতাকর্মী কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের গৌরনদীতে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতার বাড়িতে দাওয়াত খেতে আসা যুবলীগ-ছাত্রলীগের সাত নেতাকর্মীকে আটক করে কারাগারে পাঠিয়েছে পুলিশ। সোমবার (২৬ অক্টোবর) দুপুরে আদালতের মাধ্যমে গ্রেফতারকৃতদের কারাগারে পাঠানো হয়েছে। এর আগে রোববার (২৫ অক্টোবর) সন্ধ্যার দিকে উপজেলার মাহিলাড়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও কার্যক্রম নিষিদ্ধ উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সৈকত গুহ পিকলুর বাসা থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, সৈকত গুহ পিকলুর ছোট ভাই সলিল গুহ পিন্টু, সরকারি গৌরনদী কলেজ ছাত্র সংসদের ছাত্রলীগ মনোনীত সাবেক জিএস মহিবুল আলম খোকন, পৌর আওয়ামী লীগের সদস্য ওয়াজ করনী আকন, বাটাজোর ইউনিয়ন যুবলীগের সদস্য মিঠুন হালদার, পৌরসভার ৯ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি মাসুম

৩ এর পাতায় দেখুন

তারকাদের নাম ভাঙিয়ে কার্নিভাল এলেন না শাকিব-সিয়াম কেউই

কীর্তনখোলা রিপোর্ট

সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচার, তারকাদের অংশগ্রহণের ঘোষণা আর বর্ণিল আয়োজন, সব মিলিয়ে কুয়াকাটা পর্যটন কার্নিভাল-২০২৬ ঘিরে তৈরি হয়েছিল ব্যাপক প্রত্যাশা। সেই প্রত্যাশা থেকেই দেশের বিভিন্ন স্থান থেকে কুয়াকাটায় ছুটে আসেন পর্যটক ও দর্শনার্থীরা। কিন্তু দুই দিনব্যাপী আয়োজন শেষ হলেও প্রচারণায় নাম আসা অনেক তারকার দেখা মেলেনি। সেলিব্রিটি ক্রিকেটার তাওহীদ হৃদয়, মোহাম্মদ আশরাফুল, হাবিবুল বাশার ও জামাল ভূঁইয়ার উপস্থিত থাকার কথা থাকলেও তাদের কেউই আসেননি। চলচ্চিত্র তারকা শাকিব খান, সিয়াম আহমেদ, চাষী ভাই, তানজিয়া জামান মিথিলা, কেয়া পায়েল, নোমোনি ও সংগীতশিল্পী আরমান আলিফসহ একাধিক তারকার

৩ এর পাতায় দেখুন



ধর্ষণ মামলার ২৪ ঘণ্টার মধ্যে আসামি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে ১৪ বছর বয়সী এক স্কুলছাত্রীকে ধর্ষণের মামলায় জাকির হোসেন (৪০) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে বরিশাল স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-৮। সোমবার (২৬ অক্টোবর) দুপুরে তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন বরিশাল এসআরবি-৮ এর সহকারী পুলিশ সুপার ও মিডিয়া অফিসার সাথী আক্তার। মামলা দায়েরের ২৪ ঘণ্টার মধ্যে রোববার (২৫ অক্টোবর) দিবাগত রাতে বানারীপাড়া উপজেলার কুন্দিহার গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পরে সোমবার সকালে তাকে আদালতে পাঠানো হয়েছে। গ্রেফতার জাকির হোসেন বরিশালের উজিরপুর উপজেলার হারতা ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের বাসিন্দা।

৩ এর পাতায় দেখুন

বরিশালে স্থিতিশীল সবজির বাজার, মাছ কিনতে নাভিশ্বাস

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে গত এক সপ্তাহ ধরে স্থিতিশীল রয়েছে সবজির বাজার। তবে মাছের চড়া দামে বাজারে গিয়ে হতাশ হয়ে ফিরছেন ক্রেতারা। ইলিশের ওপর নিষেধাজ্ঞা ও দেশীয় প্রজাতির মাছের সরবরাহ কম থাকায় বাজারে চাহিদা ও দাম বেড়েছে চাষের মাছের। সোমবার (২৬ অক্টোবর) সকালে বরিশাল নগরীর বহুমুখী সিটি মার্কেট পাইকারি সবজির বাজার ও পোর্ট রোড মাছের বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি সবজির বাজার ঘুরে দেখা গেছে, কাঁচামরিচ গত সপ্তাহের দামে ৭০ টাকা কেজি দরে বিক্রি হয়েছে। পটোল ৩০, ঢেঁড়স ৪০, চিচিঙ্গা ৪০ টাকা, ধুন্দল ৫০ টাকা, ঝিঙা ৪০ টাকা, করলা ৪০ টাকা, ফুলকপি ৪০ টাকা, বাঁধাকপি ৫৫ টাকা, গাজর ৯০ টাকা, পেঁপে ৬-১০ টাকা, লাউ ৪০ টাকা

৩ এর পাতায় দেখুন

বাউফলের খালে মেলা মরদেহটিকে বাবা দাবি করে মেয়ের হত্যা মামলা

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে খাল থেকে উদ্ধার হওয়া অজ্ঞাতপরিচয় ব্যক্তির অর্ধগলিত মরদেহকে নিখোঁজ বাবা আলম গাজীর (৫৫) দাবি করে হত্যা মামলা করেছেন তার বড় মেয়ে রিপা বেগম (৩২)। তবে ডিএনএ পরীক্ষার প্রতিবেদন না পাওয়া পর্যন্ত মরদেহটির পরিচয় নিশ্চিত করতে পারছে না পুলিশ। রোববার (২৫ অক্টোবর) দিবাগত রাত ১২টার দিকে বাউফল থানায় মামলাটি করেন রিপা বেগম। এতে অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের আসামি করা হয়েছে।

৩ এর পাতায়

কাউখালীতে অভিযানে ৬ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে মা ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে কঁচা নদীতে বিশেষ অভিযান চালিয়েছে উপজেলা মৎস্য অধিদপ্তর। অভিযানে প্রায় ৬ হাজার মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়েছে। জব্দ করা এসব জালের আনুমানিক বাজারমূল্য ৬০ হাজার টাকা। সোমবার (২৬ অক্টোবর) দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬-এর অংশ হিসেবে এ অভিযান পরিচালনা করা হয়। উপজেলা মৎস্য অধিদপ্তরের উদ্যোগে এবং নৌ-পুলিশের সহযোগিতায় কঁচা নদীর পাঙ্গাসিয়া প্রান্তসহ বিভিন্ন এলাকায় তল্লাশি চালানো হয়। অভিযানে নেতৃত্ব দেন উপজেলা মৎস্য কর্মকর্তা হাফিজুর রহমান। নদীর বিভিন্ন পয়েন্টে তল্লাশি চালিয়ে পরিত্যক্ত অবস্থায় এসব অবৈধ কারেন্ট জাল উদ্ধার করা হয়। অভিযান শেষে স্থানীয় লোকজনের উপস্থিতিতে জব্দ করা জালগুলো আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়। উপজেলা মৎস্য কর্মকর্তা হাফিজুর রহমান বলেন, জাতীয় সম্পদ ইলিশ রক্ষা এবং মা ইলিশের নির্বিঘ্ন প্রজনন নিশ্চিত করতে প্রশাসন জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। নিষেধাজ্ঞা কার্যকর রাখতে এ ধরনের

৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান গ্রেফতার

আগৈলঝাড়া প্রতিনিধি

বরিশালের আগৈলঝাড়া উপজেলায় সন্ত্রাসবিরোধী আইনে সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও সাবেক উপজেলা ছাত্রলীগের সদস্য সঞ্জয় কুমার বাঢ়েকে (৩৫) গ্রেফতার করেছে পুলিশ। গতকাল সোমবার দুপুরে উপজেলার রত্নপুর ইউনিয়নের বারপাইকা গ্রামের নিজ বাড়ি থেকে তাঁকে গ্রেফতার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান। সঞ্জয় কুমার বাঢ়ে আগৈলঝাড়া উপজেলা

৩ এর পাতায় দেখুন

টানা দ্বিতীয়বার জেলার শ্রেষ্ঠ ওসি আমতলী থানার ইয়াকুব হোসাইন

আমতলী প্রতিনিধি

সামগ্রিক কর্মদক্ষতা ও পেশাগত সাফল্যের স্বীকৃতিস্বরূপ টানা দ্বিতীয়বারের মতো বরগুনা জেলার শ্রেষ্ঠ অফিসার ইনচার্জ (ওসি) নির্বাচিত হয়েছেন আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইয়াকুব হোসাইন। ২০২৬ সালের সেপ্টেম্বর মাসের সামগ্রিক পারফরম্যান্সের ভিত্তিতে তাঁকে এ স্বীকৃতি দেওয়া হয়। একই সময়ে আমতলী থানার আরও ছয় পুলিশ সদস্য বিভিন্ন ক্যাটাগরিতে জেলার শ্রেষ্ঠ নির্বাচিত হয়েছেন। এতে থানার পুলিশ সদস্যদের মধ্যে আনন্দ ও উৎসাহের সৃষ্টি হয়েছে। জেলার শ্রেষ্ঠ পুলিশ পরিদর্শক (তদন্ত) হিসেবে টানা তৃতীয়বারের মতো নির্বাচিত

৩ এর পাতায় দেখুন

রাজাপুরে গাঁজা সেবনের দায়ে ৩ মাসের কারাদণ্ড

কীর্তনখোলা রিপোর্ট

ঝালকাঠির রাজাপুরে গাঁজা সেবনের দায়ে মো. কবির খান (৪২) নামের এক ব্যক্তিকে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে তাঁকে ১ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৭ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। উপজেলা প্রশাসন সূত্রে জানা যায়, রাতে রাজাপুর উপজেলার চড় গালুয়া আবাসনের পাশের একটি বাগানে গাঁজা সেবনরত অবস্থায় তাঁকে আটক করা হয়। পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ দণ্ডাদেশ দেন রাজাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রিফাত আরা মৌরি। দণ্ডপ্রাপ্ত কবির খান চড় গালুয়া আবাসনের বাসিন্দা এবং মোহাম্মদ খানের ছেলে।

চরফ্যাশনে যুবদল নেতার ওপর হামলার প্রতিবাদে সড়ক অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার চরফ্যাশনে যুবদল নেতা ও আমিনাবাদ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রার্থী মোবারক উল্লাহর ওপর হামলার প্রতিবাদে সকাল-সন্ধ্যা সড়ক অবরোধ করেছেন তাঁর সমর্থকেরা। সোমবার (২৬ অক্টোবর) সকালে দুলারহাট-চরফ্যাশন আঞ্চলিক সড়কে গাছের গুঁড়ি ফেলে ও টায়ার জ্বালিয়ে তাঁরা বিক্ষোভ করেন। এতে সড়কে যান চলাচল বন্ধ হয়ে সাধারণ যাত্রীরা দুর্ভোগে পড়েন। স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় দুই মাস আগে পারিবারিক জমিসংক্রান্ত একটি মামলার বিষয়ে হাইকোর্টে যাওয়ার পরামর্শ নিতে আইনজীবী অ্যাডভোকেট সিদ্দিক উল্লাহর বাড়িতে যান মোবারক উল্লাহ। সেখানে বসতুল্লাহ চৌমুনির জন্য একটি টিউবওয়েল দেওয়ার

৩ এর পাতায় দেখুন

হত্যা মামলার আসামি বিএনপি নেতা, দল থেকে আজীবন বহিষ্কার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে যুবদল কর্মী কাওছার হাওলাদার হত্যা মামলার এজাহারভুক্ত আসামি বিএনপি নেতা মো. কাঞ্চন মোল্লাকে দলীয় পদ থেকে আজীবনের জন্য বহিষ্কার করা হয়েছে। অভিযুক্ত কাঞ্চন মোল্লা সাতলা ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ছিলেন। রোববার (২৫ অক্টোবর) উজিরপুর উপজেলা বিএনপির সভাপতি এস. সরফুদ্দিন আহমেদ সান্টু, সিনিয়র সহসভাপতি এসএম আলাউদ্দিন ও সাধারণ সম্পাদক মো. হুমায়ুন খান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, মো. কাঞ্চন মোল্লা ১ নম্বর সাতলা ইউনিয়ন বিএনপির যুগ্ম সাধারণ

৩ এর পাতায় দেখুন

দুই পৌরসভার বর্জ্যে দূষিত সুগন্ধা, স্থানীয়দের ক্ষোভ

কীর্তনখোলা রিপোর্ট

ঝালকাঠির সুগন্ধা নদীর তীরে নিয়মিত ময়লা-আবর্জনা ফেলার অভিযোগ উঠেছে ঝালকাঠি ও নলছিটি পৌরসভার বিরুদ্ধে। বর্জ্যের উৎকট গন্ধ আর দূষণের মাত্রা বেড়ে যাওয়ায় স্থানীয়দের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। সম্প্রতি ঝালকাঠি শহরের মেঘনা তেলের ডিপো সংলগ্ন স্থানে সুগন্ধা নদীর পাড় ও নলছিটি পৌর এলাকার কলবাড়ীসহ নদীর তীরবর্তী কয়েকটি স্থানে ময়লার স্তূপ দেখা গেছে। এসব স্তূপে গৃহস্থালি বর্জ্য, পলিথিন, প্লাস্টিকের বোতল, খাবারের উচ্ছিষ্টসহ বিভিন্ন ধরনের আবর্জনা রয়েছে।

৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় মাছের ঘের থেকে বৃদ্ধের মরদেহ উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর কলাপাড়ায় মাছের ঘের থেকে মো. নুর ইসলাম ফকির (৫৫) নামে এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে ফায়ার সার্ভিস। রোববার (২৫ অক্টোবর) রাত ১১টার দিকে উপজেলার নীলগঞ্জ ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের সদরপুর এলাকার একটি মাছের ঘের থেকে ডুবন্ত অবস্থায় তাঁর মরদেহ উদ্ধার করা হয়। নিহত নুর ইসলাম একই ইউনিয়নের সদরপুর গ্রামের বাসিন্দা হলেও তাঁর জন্মস্থান কলাপাড়া পৌরশহরে। তাঁর বাবার নাম মো. হযরত আলী। বিয়ের পর শ্বশুরবাড়ির এলাকায় বাড়ি নির্মাণ করে বসবাস করতেন তিনি। তিন ছেলে ও দুই মেয়ের জনক ছিলেন নুর ইসলাম। পুলিশ ও স্বজনদের সূত্রে জানা যায়, রোববার সন্ধ্যা ৭টার দিকে পরিবারের অন্য সদস্যদের অজান্তে নিজের সবজিখেতে থাকা মাছের ঘেরে পানি সেচ দিতে যান নুর ইসলাম। সেচের কাজ করার সময় অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হয়ে পানিতে পড়ে ডুবে যান তিনি। রাত বাড়ার পরও নুর ইসলাম বাড়িতে না ফেরায় পরিবারের সদস্যরা তাঁকে খুঁজতে শুরু করেন। একপর্যায়ে তাঁর

৩ এর পাতায় দেখুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
EIIN: 137732
Code: 20830
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা
পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইন্টা: এর বিপরীতে) বরিশাল | সিরিয়ালের জন্য: ০১৭৪৩৬৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com